# শব্দসন্ধান

## শব্দাভিখান

[ একশব্দের অভিনব অভিধান ]
ব্যাখ্যা-বাক্যসহ কৃঞ্চি সহস্রাধিক
শব্দের অভৃতপূর্ব সংকলন

## অখ্যাপক পি. আচার্য

ত্বিকাশ গ্রন্থ ডবন ৩৭/৩ বেনিয়াটোলা লেন কলকাডা—৭০০ ০০১

## চতুর্থ সংস্করণ: ২৪ই জানুয়ারি, ১৯৬৩

প্রকাশ করেছেন :
ভারতী আচার্য ও ব্রতী আচার্য
৩৭/৩, বেনিয়াটোলা লেন
কলকাতা : ৭০০০০১

টাইপসেটিং :
পেজ মেকার্স
২৪ বি, লেক রোড
কলকাতা : ৭০০ ০২৯

ছেপেছেন:
স্থপন কুমার দে
দে'জ অফসেট
১৩, বন্ধিম চ্যাটার্জী স্ট্রীট
ক্সকাতা ১৯০০ ০৭৩

थन्दम : সুনीन नीन

## শ্ৰীনীরেন্দ্রনাথ চক্রবর্তী

चवर्षा भरम्

ভাষার সাধনা বড়ো কঠিন সাধনা। ভাষাকে যে ভালোবেসেছে সে ই মজেছে, বৃঝতে হবে, তাব কপালে দঃখ আছে।

শব্দই ভাষাব প্রধান উপকবণ। শব্দ-সাধনাই ভাষা সাধনাব গোডাব কথা। শিল্পীকে যেমন তাঁব শিল্প-সাধনাব শুকতে প্রতিটি বঙেব চবিত্র এবং তাব প্রযোগেব ক্রিয়া প্রতিক্রিয়া সম্পর্কে নিপুণভাবে অবহিত হতে হয়, প্রত্যেক ভাষা-শিল্পীকেও তেমনি তাব প্রধান উপকবণ শব্দেব চবিত্র এবং তাদেব প্রযোগ-বৈচিত্রা সম্পর্কে অবহিত থাকা প্রযোজন। জ্ঞাত বা অজ্ঞাতসাবে তাই মন্ধ ভাষা-প্রেমিকেরা ভাষা-সুন্দবীব কাছে বাগদত্ত হয়ে যান শৈশবেব উষালগ্ন থেকেই।

বাংলা ভাষা যেমন কান্ডেব ভাষা তেমনি ভাবেব ভাষা প্রেমেব ভাষাও। সেই অস্ট্রিক বা অস্ট্রোলযেড যুগ থেকে এ-পর্যন্ত বহু ভাষাব স্রোভ প্রবাহিত হযে এসে বাংলা ভাষাব মূল ধাবাকে এবং সেই সঙ্গে বাংলাব শব্দ ভাণ্ডাবকে সমৃদ্ধ কবেছে। তাদেব মধ্যে সবচেযে বড়ে মহান্ধন হলো সংস্কৃত ভাষা। তৎসম বা তদ্ভব— যে সূত্রেই হোক তাব দাক্ষিণোব ধাবা সুবিপূল। সেই তুলনায় অন্যান্য ধাবাব অবদান যৎসামান্য। যদি ভাষাবিজ্ঞানীব চোখ দিয়ে দেখা যায়, তাহলে দেখা যাবে, এক-একটি শব্দ অতি সুপ্রাচীন তাদেব বয়েসও সূপ্রচুব। আবাব যদি কেউ সেই সঙ্গে ভাবুক হন. তাহলে তিনি প্রতিটি শব্দেব বুকে কান পেতে সুদূব অতীতেব— কলধনি শুনতে পাবেন। প্রতিটি শব্দ সংক্ষিপ্রতম ভাষণ বহুকথনেব সংক্ষিপ্রতম সাংকেতিক কপ। একথা অনেকেবই জানা নেই যে, প্রতিটি শব্দেব মধ্যে বহু চিত্র, বহু কল্পনা, বহু অভিজ্ঞতা অত্যন্ত সংক্ষিপ্রাকাবে স্তম্ধ হয় আছে। প্রকৃত শব্দিমানেবা পাবেন তাব সেই স্তম্ধতা ভোঙে মুককে বাচাল কবে তুলতে। যেমন ধকন গোক বাছুব যাতায়াত কবতে কবতে তাদেব যাওয়া আসাব একটা পথ তৈবি হয়ে যায় ভাকে বলতে পাবি গোক-বাছুবেব যাতায়াতেব পথ। একটি মাত্র শব্দে তা হলো 'ডহব' [মণ্ডাবি— মন্ত্রিক গোদীব ভাষা, শ্ববণীয় 'সিধু-কানু ডহব']।

তেমনি দেবতাব উদ্দেশে হোমদ্রবা বহন কবে নিয়ে চলেক্থ একটি স তা তাব অঙ্গবাগ এবং অঙ্গবাস লোহিত-পীতবর্ণ— এই চিএকপ্লটিকে একটিমাত্র শক্ষে নপদান কবা হ'লা— বহিং [ঋষেদ]। আবাব ধকন, কৃষি-কৌশলে অঞ্জ, মুগযাজীবী যাযাবব মানুষ বাঁচাব তাগিদে বধ করবাব জন্যা পশুব অন্থেষণ কবে বেডাচ্ছে। অর্থাৎ, যে অন্থেষণেব যোগা বা বাগের থালা লা বৈধে জল পান কবতে চলেছে নিকটবর্তী কোন জলাশয়ে। এইভাবে প্রতিদিন যায এবং আসে। তাদেব এই যাতাযাতেব ফলে বনেব মধ্যে একটি পথ তৈবী হয়ে যায়। এইভাবে মুগ বা পশুদেব যাতাযাতেব ফলে নির্মৃত পথ— একটিমাত্র শব্দে তার রূপ হলো 'মার্গ'। আবাব যদি অভিজ্ঞতাব কথা ধবা হয়, তাহলে আমাদের অতি-পবিচিত পাখি 'কাক'-এব কথা উল্লেখ কবা যেতে পাবে। আমাদেব এত পরিচিত পাখি কাক, তাব চবিত্র-পবিচয় আমাদেব অনেকখানি অজ্ঞাত। আমবা কি জানি, ব্রী-কাক জীবনে একবাব মাত্র সম্ভানেব জন্ম দিয়ে বন্ধ্যা হয়ে যায়। কোন তন্ধানুসন্ধিৎসু পর্যবেক্ষক ব্যাপাবটা পর্যবেক্ষণ করে 'কাকবন্ধ্যা' শঙ্গটি সৃষ্টি কবেছিলেন, অথচ 'কাকবন্ধ্যা'

শব্দটি আমাদের পরিচিত শব্দ হওয়া সম্বেও তার মধ্যে যে গভীর পর্বকেশনের ফসল নিহিত, তা আমাদের বারা উপেক্ষিত।

কান্দেই, ভাষার সাধনা, শব্দের সাধনা কেবলমাত্র দুঃখের সাধনাই নয়, এক রোমাঞ্চকর সাধনাও। শব্দে আছে ছবি, আছে পল্লবিত করনা, আছে বিস্তারিত ও গভীর পর্যবেক্ষণ, আছে গান, আছে বছদিনের বহুমান জীবনের উচ্ছল কলধবনি।

তারই আকর্ষণে একদিন প্রায় খেলাচ্ছলেই 'শব্দসদ্ধান শব্দাভিধান' রচনার মনোনিবেশ করি। শব্দের পর শব্দের পাহাড় জমে উঠতে থাকে, বছরের পর বছর কেটে যার। এইভাবে প্রায় দশ বছর সময় কেড়ে নিরেছে এই বইখানি। বস্তুতঃ, এত দীর্ঘ সমর আমার কোন প্রস্থ রচনার কখনো ব্যরিত হরনি।

তথু ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রেই নয়, শিক্ষক, অধ্যাপক, লেখক—এককথার, ভাষা-ব্যবসায়ীমাত্রের ক্ষেত্রেও, দেখা যায়, প্রয়োজনের সময় উপযুক্ত লাগসই শব্দটি ধরা দেয় না। তবে ব্যাখ্যা-বাক্যটি যদি জানা থাকে, তবে সহজেই সেই অধরা শব্দ-সুন্দরীর সন্ধান পাওরা যেতে পারে এই 'শব্দসন্ধান শব্দাভিধানে'। আর, শব্দ-হৈয়ালি [Cross-words] বা শব্দ-সন্ধান বাদের নেশা, তাদের কাছে এই গ্রন্থখনি হতে পারে 'হাতে গাঁজি মজলবার'।

'শব্দসদ্ধান শব্দাভিধানে' চার হাজারেরও বেশি শব্দ তাদের ব্যাখ্যা-বাক্যসহ সংকলিত হয়েছে। এক-একটি শব্দের যেহেতু একাধিক অর্থ ও অর্থ-সংকেত রয়েছে, তাই ভিন্ন ভিন্ন ব্যাখ্যা-বাক্যের ক্ষেত্রে একই শব্দের শৌনঃপুনিকতা লক্ষ্য করা যাবে। শব্দ ও ব্যাখ্যা-বাক্য সংকলনে বহু গ্রন্থের কাছে আমি ঋণী, সেই গ্রন্থসমহের একটি তালিকা সংযোজিত হলো।

পরিশেবে, গ্রন্থখানিকে নির্ভূল এবং নিশ্ছিদ্র করার জন্যে চেটার কোন ক্রটি ছিলো না। যদি কোন ক্রটি থেকে থাকে, বিজ্ঞজনের সুযোগ্য পরামর্শ পেলে তা অবশাই সসম্মানে পরবর্তী সংস্করণে সংশোধিত, পরিমার্জিত ও সংযোজিত হবে। গ্রন্থখানির ছারা বাংলা ভাষার সাধকগণ উপকত হলে আমার সকল শ্রম সার্থক মনে করবো।

নমন্ধারান্তে— ৭ই মাঘ, ১৩৯৮ হেরম্বচন্দ্র কলেজ কলকাতা : ৭০০০২৯

> বিনত গ্রন্থকার

#### খণ-দীকার

A Sanskrit-English Dictionary : Sir Monier Monier-Williams A Tri-Lingual Dictionary : Mukhopadhyay and Bhattacharya

বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান : ডঃ মৃহশ্বদ শহীদুলাহ্ সম্পাদিত (বাংলা একাডেমী)

পৌরাণিক অভিধান : সুধীর চন্দ্র সরকার সংকলিত বিবিধার্থ অভিধান : সুধীয় চন্দ্র সরকার সংকলিত

রামায়ণ : কৃত্তিবাস বিরচিত : হরেকৃক মুখোপাধ্যায়, সাহিত্যরত্ম সম্পাদিত

মহাভারত : কালীপ্রসন্ন সিংহ অনুদিত (ছয় খণ্ড) শ্রীমদ্ভগবদ্গীতা : জগদীশ চন্দ্র ঘোষ অনুদিত

বেদ : হরফ প্রকাশনী [পাঁচ খণ্ড]

উপনিষদ্ : অখণ্ড সংস্করণ : হরফ প্রকাশনী বাংলা লৌকিক অভিধান : ডঃ কামিনীকুমার রায়

The Origin and Development of the Bengali Language: Suniti Kumar Chatteriee.

বাংলা ভাষাতত্ত্বের ভূমিকা : ডঃ সুনীতি কুমার চট্টোপাধ্যার

ভাষার ইতিবৃত্ত: ড: সুকুমার সেন

অমরকোষ বা অমরার্থ-চন্দ্রিকা : অধ্যাপক শ্রীমদগুরুনাথ-বিদ্যানিথি ভট্টাচার্য-সম্পাদিত।

সংস্কৃত সাহিত্য-সম্ভাৱ : নবপত্ৰ প্ৰকাশন Kalidasa : Abhijnana-Sakuntalam ভারতকোষ : বঙ্গীয় সাহিত্য পরিবৎ

Kalhan's Rajatarangini : Sahitya Academi

চতীমঙ্গল : কবিকম্বণ মৃকুন্দরাম চক্রবর্তী : ড: সূকুমার সেন সম্পাদিত

वाजाना नन्दकाव : वाटान ठक्क द्वारा विमानिधि

শব্দতত্ত্ব : রবীন্দ্রনাথ ঠাকুর রবীন্দ্র-রচনাবলী : বিশ্বভারতী

কাদম্বরী : তারাশহর তর্করত্ব অনুদিত কালিদাস-সমগ্র : নবপত্র প্রকাশন

নিবিশ-গ্রন্থাবলী

রামপ্রসাদ-ভারতচক্র রচনাসমগ্র [অখণ্ড সংস্করণ] : রিফ্রেক্ট পাবলিকেশন

কাশীদাসী মহাভারত ঃ রিফ্রেস্ট পাবলিকেশন বাশ্মীকি রামারণ ঃ হেমচন্দ্র ভট্টাচার্য অনুদিত

মীচৈডনাভা গৰত : বৃন্দাবন দাস

শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত ঃ কৃষ্ণদাসকবিরাজ'

শ্রীশ্রীগীতগোবিন্দম: কবিশ্রীজয়দেব গোস্বামী বিরচিত

শব্দকল্পক্রম : বরদাপ্রসাদ বসু প্রকাশিত

সাহিত্যদর্পণ : বিশ্বনাথ কবিরাজ

নীলদর্পণ ঃ দীনবন্ধু মিত্র

আলালের ঘরের দুলালঃ প্যারীটাদ মিত্র

হতোম প্যাচার নক্শা : কালীপ্রসন্ন সিংহ অভিজ্ঞানশক্তল : ঈশ্বরচক্র বিদ্যাসাগর

সীতাব বনবাস ঃ ঈশ্ববচন্দ্র বিদ্যাসাগর

দ্বিজেন্দ্র-রচনাবলী ঃ সাহিত্য সংসদ

বন্ধিম-রচনাবলী: সাহিত্য সংসদ

यक्ष्य-त्राचना । गार्ट्य गर्यम् यक्ष्यम्ब-त्राचनी । मार्ट्य मरमम्

বিষাদ-সিদ্ধঃ মীর মোশারফ হোসেন

गिर्यागनाम् । बात्र स्वानात्रक स्थारान

শরৎ-সাহিত্য সংগ্রহ ঃ এম.সি.সরকার এণ্ড সন্স

পদরত্মাবলী ঃ রবীন্দ্রনাথ ঠাকুর ও শ্রীশচন্দ্র মজুমদার সম্পাদিত জয়দেব-বিদ্যাপতি-চণ্ডীদাস [অখণ্ড সংস্করণ] ঃ রিফ্রেক্ট পাবলিকেশন

জয়দেব-|বদ্যাপাত-চন্ডাদাস [অবস্ত সংস্করণ] ঃ ।রফ্রেন্থ পাব বঙ্গীয় শব্দকোষ ঃ হবিচরণ বন্দ্যোপাধায়ে

বাঙ্গালা ভাষার অভিধানঃ জ্ঞানেন্দ্রমোহন দাস

চলন্তিকা ঃ রাজশেথর বস্

সংসদ বাঙলা অভিধান

## শব্দসন্ধান শব্দাভিধান

#### অ

বণ্টন : ভাগবাঁটোয়ারা। মংশের ভাগীদার : **অংশভাক্, অংশীদার,** ভাগধেয়। অঋতুমতী নারীর যোনিমখাবরণ : সতীচ্ছদ। একর্মণ্য গবাদি পশ রাখার 41 : পিঁজরাপোল। একন্মাৎ আগত : **ছুটকা**। অকস্থাৎ ধনী : হঠাৎনবাব। একস্মাৎ শক্তিশালী ও ধনী : হঠাৎবাবু। অকারণ দঙ : গ**চ্চা**। অকারণে ও অনিচ্ছায় যার দাযিত্ব বহন করতে হয় : গলগ্রহ। **একার্যের করণ ও কর্তব্যের অকরণের** জন্যে শোচনা বা অনুতাপ : নির্বেদ। অকালদুগ্ধা গবী (মেদিনী) : **সন্ধিনী**। অকালে উৎপন্ন কুমড়া : অকালকুমাঙ । অকালের ফুল : **অকালকুসুম**। অকুষ্ঠ ব্যয়শীল ব্যক্তি : **মৃতহন্ত**। অক্ষরজ্ঞান যার আয়ত্তে : **জিতাক্ষর**। অক্ষির পর : পরোক। অক্ষোন্নতিশূন্য দেশ : **নিরক্ষ**। অগভীর দৃষ্টিবিশিষ্ট : **ছুলদর্শী, ছুলদৃষ্টি**।

অগস্ত্যের স্ত্রী : লোপামুদ্রা। অগ্নি-উৎপাদনের নিমিত্ত ঘর্যণীয় মন্থন-কাষ্ঠ : **নির্মন্থ্য, অরণি**। অগ্নিকোণের দিগগজ : পৃ**ঙরীক**। র্যার থেকে যার জন্ম : অমিজ, অমিজন্মা, অগ্নিভূ। অগ্নি-নিবারক জলযন্ত্র : পর্জন্যক। অগ্নি-মন্থন কাষ্ঠ : অর্বি। অগ্নিমুখ সমুদ্রাশ : বাড়ব। অগ্নিমুখী সিন্ধুঘোটকী : বড়বা। অগ্নিশিখার আকন্মিক **ছটা : ঝলক**। অগ্নি-সংযোগে যে আত্সবাজির সশব্দে বিসেফারণ হয় : পটকা। র্মাপ্রসাক্ষী যার : **অগ্নিসাক্ষিক**। অগ্নিহোত্রী ব্রাহ্মণ : সাথিক। অন্নির জিহ্বা : সূপ্রভা, সূলোহিতা। অগ্নির পত্নী : স্বধা, স্বাহা। অগ্নির পিতা : বিশ্বানর। অগ্রগামী সৈন্য : নাসীর। [পূর্বাপর] ক্রমান্যায়ী অগ্ৰ-পশ্চাৎ : আনুপূর্বিক। অগ্রভাগে গৃহযুক্ত নৌযান : **অগ্রমন্দিরা।** অগ্রসর হতে অনিচ্ছক : পিছ-পা. **शम्हारशम**। অগ্রসর হয়ে অভ্যর্থনা : অভ্যুদ্গমন, প্রত্যুদ্গমন।

অগ্রিম টাকা নিয়ে শস্য স্বোর চুক্তিপত্র : সাটা, একরারনামা। অগ্রিম প্রদত্ত মূল্য বা মূল্যাংশ : **বায়না**। অগ্রিম मृन्गाः अनात्नव पनिन : वाग्रनानामा, वाग्रनाभव। অন্তান মাসের সন্ধ্যাকালে কুমারী মেয়েদের অনুষ্ঠেয় ব্ৰত : **সেঁজুতি**। অঙ্গ-চালন জনিত ক্লেশ: পরিভাম। অঙ্গ-প্রত্যঙ্গসহ বর্তমান : সা**লোপান**। অঙ্গ-প্রত্যঙ্গের পৃথকীকরণ, পর্যবেক্ষণ ও বিচার : বিশ্লেষণ। অন্তরিসহ তামাশা : রঙ্গদাশা, রতোমাশা। অঙ্গরাগ ও অল্বন্ধারাদিব দ্বারা যে শরীরের প্রসাধন সম্পাদন : পরিকর্মা, পরিকর্মী। অঙ্গরাগ ও অলঙ্কারাদির দ্বারা শরীরের প্রসাধন : পরিকর্ম। অঙ্গীকার ভঙ্গ করে নায়কের . প্রতারণা : বিপ্রলম্ভ । অঙ্গীকৃত বিষয়ের অসম্পাদন : **বিসংবাদ**। অঙ্গীকৃত মাল তৈরির জন্যে প্রদত্ত অগ্রিম অর্থ : দাদন। অঙ্গুষ্ঠ ও তর্জনীর মধ্যভাগ : **পিতৃতীর্থ**। অঙ্গুষ্ঠ ও মধ্যমার সাহায্যে সৃষ্ট শব্দ : पृषि । ্বঅসুষ্ঠ-প্রমাণ ঋষি : বালখিল্য। অসুচের প্রবৃতী অসুনি : তর্জনী। ,**দ্রানুষ্ঠের, মূলভাগ** : **ব্রাহ্মতীর্থ**।

্রীয়েন্ত্রি অগ্রভাগ : দৈবতীর্থ :

অঙ্গুলির অগ্রভাগের আবরণ : অঙ্গুটানা, অঙ্গিত্র, অঙ্গিত্রাণ, আঙ্গুনা। অঙ্গুলির সন্ধিত্বল : कफ्। অঙ্গের অন্তর্ভুক্ত : **আঙ্গিক, অঙ্গীভূত**। অঙ্গের আক্ষেপমূলক রোগ: ধনু**ইকার**। অঙ্গের মর্দন : সংবাহ, সংবাহন। অচণ্ডল মতি যার : **ছিরমতি**। অচেতন অবস্থা : **বেখার**। অচেতন দেহ সচেতনকরণ : প্রাণসন্তার । অজের মুখের মতো মুখ যার : অজমুখ | एक | অজ্ঞাতগর্ভা পরিণীতার পুত্র বা কন্যা : সহোঢ়, সহোঢ়া (বী)। অজ্ঞাত বা অপ্রকাশিত বৃত্তান্ত : **গুন্তকথা** । অঞ্জাত স্থানে গমন : **অজ্ঞাতচর্যা**। অজ্ঞানতাজনিত ভ্রাম্ভি : মোহবোর । অঞ্জনার গর্ভজাত পবন-পুত্র : হনুমান, श्नुयान । অণিমা প্রভৃতি আট রকমের ঐশ্বর্য, গুণ বা বিভূতি : **অইসিছি**। व्यष्टेविका - निर्मानकात्री কারিগর : রাজমিরী। অট্টালিকার উপরিস্থিত ব্রু**জ : ভাজ**। অণুতুল্য ক্ষুদ্র কীট**: কীটাণু**। অতসী ফুলের গাছ : সোনাকড়ি, সোনাকডী। অতি আসন্ন : **প্রত্যাসন** । অতি আসন সন্ধ্যা : **অভিসারম্**। অতি উচ্চ স্বর**: ভারম্বর**। ত্ৰতি উচ্চ ধ্বনি : ম**হানাদ**।

অতি উচ্চ বিকট হাসি : অইহাস্য। অতি উচ্চ রোল : **উভরোল**। এতি উজ্জ্বলা প্রেতবর্ণা নারী: মহাবেতা। অতি উৎকৃষ্ট অব্যর্থ ঔষধ : ম**ৌৰধ**। অতি উন্নত মতি যার : মহামতি. মহামনা: ৷ অতি কঠোর তপস্যাকারী : মহাতপাঃ। অতি কর্মকুশল ব্যক্তি: ধুরন্ধর। অতি কট্টে শাস-প্রশাস গ্রহণ ও ত্যাগ : शैंप्रकींप्र। অতি কৃপণ ব্যক্তি: यक, यक। অতি কোমল অল্পবয়স্ক সুন্দর : जुकुमात्र, जुकुमात्रक। অতি কোমলা অল্পবয়স্কা সুন্দরী বালিকা : সুকুমারী। অতি গুণবান পুত্রের জননী : রত্মণর্ডা, সুবর্ণগর্ভা, স্বর্ণগর্ভা। অতি নিপুণ কারিগর : ওস্তাগর। অতি তুচ্ছ নগণ্য ব্যক্তি: **হেজিপেজি**। **অতিথির নিমিত্ত গৃহ : অতিথিগৃহ,** অভিথিশালা. ধর্মশালা, পাছশালা। অতি দুর্বত ব্যক্তি: শয়তান, যাডামার্কা। অতি দুষ্টম্বভাবা [দুর্বৃত্তা] নারী : **শয়তানী**। অতি দূরগামী গন্ধ : সমাকর্<mark>ষী</mark>। অতি দুর প্রসারিত মনোহর গন্ধ : আমোদ। অতি দ্রুত কাজ করছে যে : **ত্তরমাণ**। অতি ধনবান ব্যক্তি: **লক্ষপতি**। অতি নিকৃষ্ট পদার্থ : **রখো**। অতি নিকৃষ্ট ব্য**ন্তি : রখো**।

অতি নিকৃষ্ট যে নর : नরাধম। অতি নিৰ্মল : चळ । অতি প্রকাভ : সুবিপুল, সুবিশাল, मुब्द्र । অতি প্রসন্ন [হার ]: সুপ্রসন্ন। অতি প্রাচীন ব্যক্তি: ছবির। অতি বড়াইযুক্ত উক্তি: **দভোকি**। অতি বৃদ্ধা নারী : বড়াই। অতি বৃহৎ ও গভীর বন : **অরণ্যানী.** মহাট্বী, মহাবন, মহারণ্য। বৃহৎ জনসম্বায় : মহামঙল। অতি বৃহৎ নগর : মহানগর, মহানগরী অতি ব্যস্ত ও উৎকণ্ঠিত : ব্যস্তসমন্ত, रखन्छ। অতি ভয়ঙ্কর : সুবিকট। অতি ভোজনের ফলে দমবন্ধ হওয়ার व्यवश्चा : ममनम् । অতি মন্দ হাল [অবস্থা]: **নাজেহাল**। অতি রক্ষণশীল : দুর্মর। অতিরি<del>ত্ত</del> কথন : **অত্যুক্তি**। অতিরিক্ত ঘর্মকরণ : थকে। অতিরিক্ত জলের নিম্কাশন : **পরিবাহ**। অতিরিক্ত বাড়াবাড়ি: श्रुम। অতিরিক্ত মূল্য : **মাগগি**। অতিরিক্ত মূল্য যার : **দুর্মূল্য, মহার্ব**। অতিরিক্ত সাহস : मুঃসাহস। অতিরিক্ত সাহস যার : দুঃসাহসী। অতি লক্ষ্যাশীলা বধু: क्लाव्यू।

অতি শক্তিমান ব্যক্তি: সমর্থ। অতিশয় অনুরক্তি হয় যাতে : সুরত। অতিশয় অমঙ্গল: অত্যশৃত, অভ্যহিত। অতিশয় অর্ঘ্য [ মূল্য ] যার : মহার্ঘ. মহার্ঘ। অতিশয় অহঙ্কারযুক্ত পুরুষ : **মহাজানী**। অতিশয় আগ্রহযুক্ত : সনির্বদ্ধ। অতিশয় আমোদিত : **প্রমৃদিত**। অতিশয় আসন্ত: ব্যাস**ত, প্রসত**। অতিশয় আসন্তি যাদের : সমাসত. नमानन । অতিশয় আসন্তির দ্যোতক [দৃষ্টি] : বিলোল । অতিশয় আহ্বাদিত : **প্রমোদিত, প্রমূদিত**। অতিশয় উচ্চ : প্রোরত। অভিশয় উচ্চৈ:ম্বরে ক্রন্দনরত : রোরুভ্যমান, রোরুভ্যমানা [বী]। অতিশয় উত্তপ্ত : প্রতপ্ত। অতিশয় উৎকষ্ঠিত : সমুৎসুক। অতিশয় উন্নত : সমূদত। অতিশয় কঠোর : **নিদারুণ**। অভিশয় কম্পন : প্রকম্পন। অতিশয় কলকজনক : বিগর্হিত। অভিশয় কাতর : সৃহ্যমান, মোহামান। অতিশয় কুৎসিতা নারী : **পেন্ধী**। অতিশয় কৃপণ : **হাড়কৃপণ**। অতিশয় *কৃ*শ : **ক্লালসার**। অতিশয় কোপন : श्राट । অতিশয় ব্ৰদ্ধ : প্ৰকৃপিত। অতিশয় কণস্থায়ী : সদ্যঃপাতী।

অতিশয় কৃত্ধ: সংকৃত্ধ। অতিশয় ক্ষোভ : সংকোত। অতিশয় গভীর : সুগ**ভীর**। অতিশয় গান্তীর্যযুক্ত : সুগ**ন্তীর**। অতিশয় গাঢ় : **প্রগাঢ়**। অতিশয় গৃঢ়: নিগৃঢ়, নিগৃঢ়। অতিশয় গোপন : **নিগৃ**ঢ়। অতিশয় ঘটা বা জাঁকজমক : বহুবাড়ুম্বর । অতিশয় ঘৃণ্য : **জঘন্য, বীভংস**। অতিশয় চণ্ডল : **ব্যালোল**। অতিশয় ছোট টুকরা : कृष्टि। অতিশয় জিদ : **রোক, রোখ**। অতিশয় জ্বন : **প্রক্রন**। অতিশয় তাড়াতাড়ি : **তড়িবড়ি**। অতিশয় তুষ্ট : **সন্তুষ্ট, পরিতৃষ্ট**। অতিশয় ভৃত্তি : সম্ভৃত্তি, সম্ভোৰ, পরিতোব। অতিশয় তৃক্ষা যার : **অভিতৃক্ষ**। অতিশয় তেজন্বী পুরুষ : মহাতেজাঃ, মহাতেজনী। অতিশয় ত্রাস [ আতঙ্ক ] : সন্ত্রাস, মহাত্ৰ । অতিশয় দান করেন যিনি : সনৎ उपा। অতিশয় দুরে অবস্থিত : **অতিদুর**। অতিশয় দৃঢ় : **দ্রঢ়িষ্ঠ**। অতিশয় ধনশালী ব্যক্তি: ধনকুবের। অতিশয় ধার্মিক : ধর্মানা। অতিশয় ধার্মিক ব্যক্তি: সুধর্মা। অতিশয় ধৃত ও অনিষ্টকারী

: विष्ट्र।

অতিশয় নত : **সন্ত**।

অতিশয় নত হওয়ার ভাব : **সন্নতি**।

অতিশয় নম্র: বিনম্র।

অতিশয় নিন্দিত : বিগর্হিত।

অতিশয় নির্বোধ । মুর্খ । : গঙ্কমুর্খ ।

অতিশয় পাশ্ভবর্ণ : বিপাশ্ভর।

অতিশয় পাপী : পাপিষ্ঠ, পাপিষ্ঠা

[बी], भाभागग्न, भाभीग्रमी [बी]।

অতিশয় পীড়ন : **নিপীড়ন**।

অতিশয় প্রশংসনীয় : **প্রশস্য**।

অতিশয় প্রশস্ত : **সূপ্রশস্ত**।

অতিশয় প্রসন্ন অদৃষ্ট : বহুভাগ্য।

অতিশয় প্রিয় : সৃপ্রিয়।

অতিশয় বলশালী : প্রবল।

অতিশয় বিরম্ভ : **ভিডিবিরন্ড**।

অতিশয় বিষ যাতে : **অতিবিষ, অতিবিষা** 

[बी]।

অতিশয় বৃদ্ধিসম্পন্ন ব্যক্তি: সৃ**দ্ধদর্শী**। অতিশয় বৃদ্ধিসম্পন্না নারী: সৃ**দ্ধদর্শিনী**।

অতিশয় বৃদ্ধ : বর্ষিষ্ঠ।

অতিশয় বৃদ্ধিপ্রাপ্ত [বৃদ্ধিশীল ]: বৃহৎ।

অতিশয় বৃহৎ : **প্রকাঙ**।

অতিশয় বৃহৎ আকারের : ঢাউস,

विद्राप्ति, वृश्र्रः।

অতিশয় বেশি : **অত্যধিক**।

অতিশয় ব্যস্ত : ব্যতিবাস্ত।

অতিশয় ব্যস্ত ও উৰেগজনিত রুদ্ধখাস

অহিরতা : **আকুশাকু, হাঁকুশাকু**।

অতিশয় ব্যস্ততা ও আস্ফাল

: जन्मक्षान्य ।

অতিশয় ভয়ম্বর : বি**ভীবণ**।

অতিশয় ভোজন : **অতিভোজন**।

অতিশয় মন্ত : প্ৰমন্ত।

অতিশয় মহিমাপূর্ণ : **মহামহিম,** 

মহামহিমাৰিত।

অতিশয় মানসিক যন্ত্রণাযুক্ত : সভত্ত।

অতিশয় মূর্য : হাত্তমূর্ব।

অতিশয় স্লান : **পরিস্লান**।

অতিশয় রন্তবর্ণ : সূলো**হিত**।

অতিশয় রমণীয় : সুরম্য।

অতিশয় রূপবান : **খুবসুরৎ**।

অতিশয় ললিত : সুললিত।

অতিশয় লোভযুক্ত : প্রশুদ্ধ।

অতিশয় লোভী : **লোভার্ড, লোভিঠ**।

অতিশয় লোলুপ : **লোভাতুর, লোভাতুরা** 

1311

অতিশয় লোহিত : **বিলোহিত**।

অতিশয় শিষ্ট : বিশিষ্ট।

অতিশয় শিষ্ট ও ভদ্র : **সূভদ্র, সুসভ্য**।

অতিশয় শীতলতাবিশিষ্ট : সুশীতল।

অতিশয় শীর্ণ [কৃশ বা জীর্ণ]: বিশীর্ণ।

অতিশয় শৃদ্ধ : বিশৃদ্ধ।

অতিশয় শৃষ্ক : বিশৃক।

অতিশয় সরল : **প্রাক্তল**।

অতিশয় রি**শ্ব : মেণুর**।

অতি সংকীৰ্ণ পথ : সংকট।

অতি সংকীৰ্ণ পাৰ্বত্য-পথ : পিরি-

गरक्छ।

অতিশয় হুট : উল্লাসিত।

অভিশয় হিসাবী : পাটোয়ারী। অতিশয়িত কায়া যার : অতিকার। অতি সম্বর : তুর্ণ। অতি সম্মানিত ব্যক্তি: হজরত। অতি সামান্য অংশ : এক্ডিল। অতি সামান্য খাদ্যের সাহায্যে ক্ষুন্নিবৃত্তি : शिखब्रका । অতি সামান্য পরিমাণ : বিশ্ববিসর্গ। অতি সৃক্ষ কার্পাস-বন্ধ : মসলিন, प्रमहीन । অতীত, বৰ্তমান ও ভবিষ্যতে যিনি বন্ধনহীন : निত্যমুক্ত। অতীত, বর্তমান ও ভবিষ্যতের ঘটনা যিনি জানতে পারেন : विकानक। व्यटीसिय विषयवस সম্পর্কে : पिराष्ट्रान । অতীব সৃন্দর : সুচারু, সুরুচির। অত্যধিক আদর-হেতু অন্যায়-কর্মের প্রতি উপেকা : প্রস্রায়। অত্যধিক গোল: গঙগোল। অতাধিক ভারের জন্যে ক্রিষ্ট : **ভারাক্রান্ত**। অত্যধিক সতর্ক : সাবধানী। অত্যন্ত অগোছালো অবস্থা : হরকট। **थ**ार थन-मशानन गारा : निश्वन [ রতিক্রীড়া।। অত্যন্ত অধিক : অত্যধিক, সাতিশয়।

অত্যন্ত অনুগত ব্যক্তি : তাঁবেদার ।

অত্যন্ত অসদাচরণ : শয়তানি।

ঘতান্ত আকুল : বাাকুল।

অতান্ত আদর : প্রশ্রের। আড়ম্বরপূর্ণ অত্যম্ভ আয়োজন : यश्रमाखार। অত্যন্ত উগ্রা নারী : রায়বাবিনী। অত্যন্ত উচ্চ ও কর্কশ [গলা বা কণ্ঠস্বর ]: বাজখাঁই। অত্যন্ত উদ্ধত : সমূদ্ধত। অত্যন্ত কঠিন : বিৰম। অত্যম্ভ কুৎসিত : বিভিকিচিছ, কিছতকিমাকার। অত্যম্ভ ঘৃণ্য বা কদৰ্য বা বিকৃত : বীভংস। অত্যন্ত তৃষ্ট : সন্তুষ্ট। অত্যন্ত তৃপ্ত বা আনন্দিত : পরিভূই, পরিভূটা ( বী )। অত্যন্ত হকত : সম্ভাৱ অত্যন্ত দামী: বহুমূল্য, মহামূল্য। অত্যন্ত দীর্ঘস্থায়ী : সূচির। অত্যন্ত দুরন্ত : দামাল। অত্যন্ত দূৰ্বোধ্য : **অতিগহন**। অত্যন্ত দুরবর্তী : **দবিষ্ঠ**। অত্যন্ত ধীর-গতিসম্পন্ন : মৃদুমন্দ। অত্যম্ভ ধোলাই-করা পোশাক-পরিহিত ব্যক্তি: **ধোপদুরক্ত**। অত্যন্ত নিরুপায় বা সংকটময় অবস্থা : (वर्षाव । অত্যন্ত নীচ [ইতর ] ব্যক্তি: পামর। অত্যন্ত পীড়ন : নিপীড়ন। অত্যন্ত পীড়নপূৰ্বক শাসন : **দুঃশাসন**। অতাত প্রফুর : উৎকুর।

অত্যন্ত ফর্সা ও সুত্রী : ফুটফুটে। অত্যন্ত বলিষ্ঠ : বলবান, বলীয়ান। অত্যন্ত বা ভীষণ শব্দ বা ঘোষ যার : নিৰ্ঘোৰ। অত্যন্ত বিচক্ষণ : সুবিচক্ষণ। অত্যম্ভ বিশৃৎথলা : মহাবিলাট। অত্যন্ত বিশ্ৰী : যাচেতাই। অত্যন্ত বৃদ্ধ : বর্ষিট, বর্ষীয়ান, প্রবৃদ্ধ। অতান্ত বাস্ত : বাস্তসমস্ত। অত্যন্ত ভারে ক্রিষ্ট : ভারাক্রান্ত। অত্যন্ত মাননীয় বা সম্মানের পাত্র : यदायाना । অত্যন্ত মিহি: ফিন্ফিনে। অত্যন্ত যন্ত্রণাদায়ক নরক : মহানরক. মহাব্রৌরব। অত্যন্ত য**ন্ত্ৰণাদায়ক ফোঁড়া : বিৰফোঁড়া**। অত্যন্থ লুব্ধ : বিলোল। অত্যন্ত শঠ ব্যক্তি : ধড়িবাজ। অত্যন্ত শাভ : **প্রশাভ**। অত্যন্ত শান্ত অবস্থা : প্রশান্তি। অত্যন্ত শীতল : তুহিন, সুশীতল। অত্যম্ভ শৌখিন লোক : ফুলবাবু। অত্যন্ত সমৃদ্ধি : বাড়বাড়ত। অত্যন্ত স্পষ্ট : সুস্পষ্ট। অত্যন্ত স্ফীতি : সমুদ্ধর, সমুদ্ধার। অত্যন্ত হীনভাবে ভোষামোদ : পদদেহন। অত্যম্ভ হীনভাবে তোষামোদ করে যে : भपटनश् । অদম্য ও দান্তিক : দামাল। অদৃশ্য হওয়ার বিদ্যা : তিরভারণী.

তিরস্করিণী, তিরস্কারিণী। অদৃটের লিখন: অদৃউলিখন, অদৃউলিপি, ভাগ্যনিখন, ভাগ্যনিশি। অদ্ভুত বেশবাস-পরিহিত হাস্যকৌতুক অভিনেতা: मध्, मः। অধর-প্রান্তের হাসি : বক্রোটিকা। यथत-त्रुधा भान : हुचन। অধিকতর কঠোর আদেশ দ্বারা যে আদেশ প্রত্যাহ্বত হয় : প্রতিদিষ্ট। অধিকতর পট়: পটীয়ান, া বী।, পট্টতর। অধিক বয়স যার : বয়োবৃদ। অধিক সুখে আসক্ত: ভোগাসক। অধিক বিলম্ব নয় এমন : নাতিবিলম্ব। অধিকারস্থিত দেশ : ভূতি। অধিকৃত মানুষ : श्रका। অধিগত অর্থ যার : গভার্য। অধিরথ সৃতের পদ্ম : রাধা। অধ্যয়নে অনুরাগ : পাঠানুরাগ। অধ্যয়নের নিমিত স্থান : পাঠশালা। অধ্যাপনাদি-বর্জিত ব্রাহ্মণ : বৃৰাচার। অনভিউচ্চ পর্বত : পাহাড। অনধিকারী ধৃত লোক : নেশো। অনম্ভ যৌবন যে নারীর : নিতা-বৌৰনা (ख्राभमा । অনভিপ্রেতভাবে যার আব্রু উন্মোচিত : বে-আব্রু, হতসম্ম। অনর্থক বিবাদ : বিপ্রলাপ। অনশনে মৃত্যু : थांब। অনাদি অনম্ভকালের দেবতা : মহাকাল।

অনাবশ্যক ও অনধিকার কর্তাগিরি : সরফরাজি। অনাবৃত দেহে রৌদ্র-সেবন : সূর্যরান। অনায়াস-দোহ্যা গাভী : **সূত্রতা।** অনাৰ্য জাতি : क्राव्ह। অনার্য ভাষায় যে কথা বলে: **প্লেচ্ছ।** উপবেশন অনাহারে মৃত্যু-কামনায় : প্রায়োপবেশ, প্রায়োপবেশন। অনিমন্ত্রিত আগস্থুক : অনাহুত। অনুস্বার ও বিসর্গ : বিন্দুবিসর্গ। অনুকম্পার সঙ্গে : **সানুকম্প**। অনুকৃল অভিমত : সন্মতি। অনুকুল অভিমতবিশিষ্ট : সম্মত। অনুকৃল ভাব : **আনুকৃল্য, দাক্ষিণ্য**। **पन्कृल भगगः : मृममग्र।** অনুক্ত কিন্তু অনুমেয় : উহা। অনুক্ষণ আচরণ : **অনুশীলন**। অনুগত ব্যক্তি : **পেটোয়া**। অনুগ্রহপূর্ণ দৃষ্টি : নেকনজর। অনুগ্রহ-লাভার্থ দেবতাকে কিছু দানের মানসিক অঙ্গীকার : মানত, মানসিক। অনুচিত বল-প্রয়োগকারী : হঠকারী। অনুচিত রসের বর্ণনা : **রসাভাস**। অনুচিত সাহস : দুঃসাহস। অনুন্নত ও **ভ্ৰম্প**শ্য সম্প্ৰদায় : **হরিজন**। অনুপাতহীন অতি বৃহদাকার : **ঢাউস** । অনুপাতের সমতা : **সমানুপাত**। অনুভবের যোগ্য : সংবেদ্য। [ কর্তৃপক্ষের ] অনুমোদন প্রাপ্ত

: অনুমোদিত। অনুরাগের প্রথম গোপন সন্তার : পূर्वज्ञाग । অনুরাগের বিলুপ্তি : **বিরন্তি**। অনুরূপ মূর্তি : **প্রতিমূর্তি**। অনুর্বর জমি : चिन । 'মনুর্বর উচ্চভূমি : **রক্ষডাসা**। অনুশোচনা করা : **পত্তানো**। অনুশীলনের দ্বারা লব্ধ বিদ্যাবৃদ্ধি-শিল্প-কলা ইত্যাদির মাধ্যমে আন্তর উৎকর্য : সংস্কৃতি। ञनुष्ठानापित জन्य निर्पिष्ट : মরশুম। অনৃঢ়া ঋতুমতী কন্যা : বৃষণী। অনুঢ়াভাবের হরণকারী : কৌমারহর। অনৃত [মিথ্যা] কথা বলে যে : অনৃতভাষী, অনৃতভাষিণী [বী]। অনেকগুলি কাচ্চাবাচ্ছার [ तिश्रः দরিদ্রা। মা: বালতি, বালতী। অনেক প্রকারে : ब्रूबा। অনেক প্রভু বা স্বত্বাধিকারী আছে যার : वरूबाभिक। অনেক বিষয়ে অন্বিত : বহুসুৰী। অনেক শাখা আছে যার : **বহুশার্থ**। অন্ত আছে যার : সাত। অন্ত:করণের তলদেশ : **অবত্ত**ল। অন্তঃপুরচারী সর্বকার্যকুশল বৃদ্ধ ব্রাহ্মণ : ক্ৰুকী। অন্ত:পুরবাসিনী নারী : **পুরবাসিনী** ।

অন্তঃপুরে বাস করে যে : পুরবাসী। অন্তঃপুরে বাস করে যে নারী : शुक्रवात्रिनी । অন্তঃপুরের রক্ষী : কন্মুকী, সুবিদ। **जरुः**मनिना नषी : कन्तु। অন্তঃসারশৃন্য আড়ম্বরপূর্ণ কথা : याँपिकथा, याँपीकथा। অন্তঃসার্থীন ব্যক্তি: মাকাল। অন্তঃসত্বা নারী : পোয়াতী, গডিণী। पञ्जक युगनवनी (वसू): **मानिकत्काए**। অন্তরঙ্গ সখী: चजनी, সজনী। অন্তরের [অন্তর্নিহিত] কথা : মর্মকথা। অন্তর্ণষ্টির দ্বারা যে অতীন্দ্রিয় বিষয় উপলব্ধি করতে পারে : দিব্যদর্শী। অন্তর্ধান করেছে যে : অন্তর্হিত। অন্তর্নিহিত দীপ্তি বা ভাবের : ঘোতনা। पश्चिम व्यवद्या : निमान । অন্তিম নিদ্রা : কালনিদ্রা [ মৃত্যু ], মহানিদ্রা। অন্তিম [ যাত্ৰা. প্রয়াণ প্রস্থান ] : मराध्यग्राण । অন্ধকার দূর করে যে : ভমোদ্ধ, তমোহর। অন্ধকার রাত্রি : তমবিনী, তমিশ্রা, ভামসী। অন্নছত্তে রাশীকৃত অন্নের হড়াছড়ি : स्त्रक्छ । অন, জল ইত্যাদি বিতরণের স্থান : সম। অন্নপ্রাশনকালীন হোম : শুচি।

অন্নপ্রাশনে সংস্কারকালে বা বিবাহে প্রদত্ত ধন : যৌতক, যৌতুক। প্রতিপালন অনবস্ত্র সহযোগে : ভরণপোৰণ। অন্ন-বিতরণের স্থান : অন্নছত্র, অনুসত্র। অন্ন-ব্যঞ্জন ব্যতীত অন্য আহার্য [ মুড়ি চিড়া দধি ইত্যাদি। গ্ৰহণ : **জলপান।** অন্নের জন্যে পরের গলগ্রহ: ভাতুড়ে। অরের পাহাড় বা স্তপ : অরকট। অন্য কল্পনা : विकला। অন্য কর্মস্থানে নিয়োগ : বদলি, বদলী। অন্য কাগজে [জলের সাহায্যে] যে ছবি তোলা হয় : जनहिं । অন্য কাল : कालास्त्र। অন্যকে খর্ব করবার ইচ্ছা : দর্শ। অন্যকে পীড়ন করে যে : পরপীড়ক। অন্যকে পীড়ন করে যে আনন্দ পায় : धर्यकाम। অন্যকে হিংসা করে যে : পরবেষী, পরবেবিণী [ ত্রী ]। অন্য গতি : গত্যন্তর। অন্য গ্রামবাসী [ অন্য জমিদারের ] প্রজাকে প্রদত্ত ভূমি : পাইকডা। অন্য জন্ম : **জন্মান্তর**। **जन्मिक मन यात : जन्ममनक**, चनामना । वना (मर : भराजा। অন্য দ্বীপ : দ্বীপান্তর। जना धर्म : धर्माचन । অন্য নারীর স্থামী : পরপতি।

অন্য পাড়া : বেশাড়া, ভিন্নপাড়া। व्यना भृद्रागत दी : भवती। অন্যপূর্বা বিবাহিতা খ্রী : পুনর্ভু। অন্য প্রকার : **প্রকারান্তর**। অন্য প্রসঙ্গ : **প্রসঙ্গান্তর**। অন্য বার : বারান্তর। অন্য বিষয় : বিষয়ান্তর। অন্য যুগ : যুগান্তর। অন্য রূপ : রুপান্তর। অন্য লোক : শোকান্তর। थन्गाग्न कर्य : क्कर्य, मुक्कर्य, मुक्कि। অন্যায় কর্ম করেছে যে : দুক্তী। অন্যায়কারীর ক্ষতিসাধন : **প্রতিশোধ**। व्यनगाग क्रष्टा : मुक्तिहा। অন্যায়ভাবে ও গোপনে পরের অর্থ আন্বসাংকরণ : তহরুপ, তহরুপ, তসরুপ, লোটা। অন্যায়ভাবে কৃত কর্ম : দুকৃত, দুকৃতি। অন্যায়ভাবে দখল : বে**দখল।** অন্যের অজ্ঞাতসারে : বেমালুম। অন্যের অনিচ্ছায় বলপূর্বক দৈহিক আকর্ষণ ও ক্লেশ উৎপাদন : টানাহ্যাচড়া। অন্যের অনিষ্ট চিন্তা: বিপাদন। অন্যের অভিমত : পরমত। অন্যের উপস্থিতিতে অনুচ্চ স্বরে কথা : जनाजिक। অন্যের ওপরে অত্যাচার : **পরশীড়ন।** অন্যের কথার মধ্যে টিপ্লনী : ফোডুন। অন্যের কর্মস্থানে অস্থায়ী নিয়োগ : अहिना, यमनी।

অন্যের কুৎসা : **পরনিন্দা।** অন্যের দোষ : **পরস্কিন্ত**। অন্যের দোষ সন্ধান : **পরক্রিদ্রাবেষণ**। অন্যের পত্নী : পরদার। অন্যের পরিণীতা স্ত্রী : **অন্যোঢ়া।** অন্যের বাগদত্তাকে যে নিবাহ করে : व्यक्षिमिय् । অন্যের মনোরশ্বনার্থ অসত্য ভাষণ : উপচার। অন্যের সঙ্গে সমান [একই] অনুভূতি : সহানুভূতি। অপু বা জলে সরে [বিচরণ করে] যে : অপর, অপরা (बी)। অপকারীর অপকার সহ্য করা : **ক্ষমা।** অপকারীর অপকার করা : বৈর-নিৰ্যাতন। অপকারীর অপকারে অনিচ্ছা : **ক্ষান্তি**। অপকৃষ্ট বা নিকৃষ্ট দ্রব্যের : (छ्छान। অপচয় দূর করে ভবিষ্যতের জ্বন্যে অর্থ সংস্থান: সাধায়। অপছন্দ হলে ক্রীতদ্রব্য ফেরত দেবার শর্ত : জাঁকড়। অপত্যের সঙ্গে বর্তমান : সাপত্য। অপবাদ-দৃষিতা নারী: कनिकी। অপবাদের সঙ্গে : সাপবাদ। অপর ব্যক্তির বদলে যে স্বাক্ষর : वक्नम। অপরকে বশে আনয়ন : ব**শীকরণ**। অপরাধীদের বধ্যভূমি : মুলান।

অপরাধের দত : সাজা। অপরাধের দঙ্চিহুযুক্তা নারী: अकिনী। অপরাধের দঙস্বরূপ স্বদেশ থেকে বহিষ্করণ : নির্বাসন। অপরাধের সঙ্গে বর্তমান : সাপরাধ। অপরাহু কাল : অবেলা। অপরিপাটি বিস্তর কাপড়-চোপড়ে ভারাক্রান্ত: ভারডেজন। অপরের উচ্ছিষ্ট পাতা কুড়িয়ে যে আহার সংগ্রহ করে : পাতা-কুডুনী। অপরের কৃৎসা রটানো : जुगुन्मा। অপরের গৃহ : **পরবাস**। অপরের ধন বা সম্পদ : পরস্থ। অপরের প্রতি বিদ্বেষ : পরছেৰ. **भवविरमा**। অপরের ব্যাধি : পরাধি। অপরের ভাগ্যের ওপর নির্ভর করে যে বাঁচে: পরভাগ্যোপজীবী। অপরের সাহায্য প্রত্যাশা : পরমুখাশেকা, পরমুখাপেকিতা। অপরের হন্তে প্রদত্ত : **হন্তান্তরিত**। অপহত বস্তু: বমাল, বামাল। অপূর্ব সৃষ্টিশীল ক্ষমতা : প্রতিভা। অপেকাকৃত কম : नान। অপ্রগতিশীল ও অন্যায় গোঁডামি পূর্ণ প্রতিষ্ঠান : অচলায়তন। অপ্রত্যক্ষকে প্রত্যক্ষ করা : **প্রত্যক্ষীকরণ।** অপ্রশস্ত সময় : অসময়, অকাল। অপ্রাপ্ত ধনের প্রাপ্তি ও প্রাপ্ত ধনের রকণ: যোগক্ষেম।

অপ্রাপ্ত বয়সের প্রেম : বাল্যপ্রেম, वानाक्षणयः। অপ্রাসঙ্গিক উত্তর : **ব্যস্তপদ।** অপ্রিয় কথা বলে যে : দুর্মুখ, দুর্ভাষা, पूर्णवी [वी]। অপ্রিয় ভাষণ : পারুষ্য। অগ্রীতিকর বাদ-বিসম্বাদ : বাগডা-বাঁটি। অপ্রীতিকর বিষয়ে সহাের সীমা অতিক্রমণ : বাড়ন। অবধানের সঙ্গে : সাবধান। यवदा नीना : **यवनीना** । অবরুদ্ধ বাষ্পের মতো : ভাগসা। प्यवनीनात मात्र : **मावनीन**। অবশ্য করণীয় দৈনন্দিন কাজ : নিত্যকর্ম নিত্যকৃত্য। অবশা পালনীয় : শিরোধার্য। অবসর বা সময়ের অভাব : অনবকাশ, অনবসর। **प्यवनात्मव कान : मन्त्रा।** অবাঞ্ছিত অশান্তি ও উপদ্ৰব : **বাশ্বাট।** পারে পৌছান যায় অবাধে যার : পারাবার। অবিবাহিত জ্যেষ্ঠের বর্তমানে কনিষ্ঠকে कन्गामान : शतिमान । অবিবাহিত জ্যেষ্ঠের বর্তমানে যিনি কনিষ্ঠকে কন্যাদান করেন : পরি**গারী**। অবিবাহিতা অষ্টমবর্ষীয়া কন্যা : भৌরী। অবিবাহিতা অষ্ট্ৰমবৰ্ষীয়া : भौतीपान ।

অবিবাহিতা জ্যেষ্ঠা বিদ্যমানে বিবাহিতা कनिष्ठा : व्यद्ध्यपिथियु । অবিবাহিতা জ্যেষ্ঠা বিদ্যমানে যে কনিষ্ঠাকে বিবাহ করে: অমেদিধিৰু। অবিবাহিতা যে কন্যা চিরজীবন পিত্রালয়ে থাকে : চিরণ্টী। অবিবেককৃত কার্য: অবিমৃশ্যকারিতা. অবিময়কারিতা। অবৈধ পথে চলে যে : উন্মার্গগামী। অবৈধ পথে যাত্রা : উদ্মার্গগামিতা। অবৈধ প্রণয় : পিরিত, পীরিত। অব্যক্ত কোলাহল : উচ্চরোল। অব্যক্ত শব্দ : রোল। **प्यत्रवर्थ समग्र यात : व्यत्रवर्ष्टिख ।** অব্যাহতি লাভের বা মুক্তির নির্দেশ-লিপি: মুক্তিপত্ত। অভদ্র আচরণ : অভদ্রতা, দুর্ব্যবহার। অভদ্রভাবে বাচাল এবং ধৃর্ত : ফিচেল। অভাবশূন্য অবস্থা : সচ্চলতা। অভাবিতপূর্ব ঝামেলা বা বিবাদ : एक्जान। অভিনন্দনসহ ভাষণ : সম্ভাষণ। অভিনয়যোগ্য দৃশ্যকাব্য : नाँउक। অভিনয়-স্থলের অন্তরাল : নেপথ্য। অভিনয়াদি দেখার গৃহ : শ্রেকাগার. প্রেক্ষাগৃহ। অভিনয়াদির অভ্যাস : মহড়া, মহলা। অভিনেতা-অভিনেত্রীদের সাজসজ্জা করবার ঘর : **সাজ্যর**। অভিনেতাসুলভ কৃত্রিম হাবভাব

: নটকেপনা। অভিন হৃদয়ের বন্ধুদ্বয় : মানিকজোড়। অভিপ্রায়ের অনুরূপ : প্রতিচ্ছে । অভিবাদনের অভিবাদন বদলে : প্রত্যভিবাদ, প্রত্যভিবাদন। অভিমত বিষয় : মধ্বা। অভিমন্য ও উত্তরার পুত্র : প্রীকিং। অভিমন্যর জননী : সুভদা। অভিমন্যুর হত্যাকারী : সংবীর, সংরখী। অভিযোগকারীর বিরুদ্ধে অভিযোগ : প্রত্যতিযোগ। অভিলয়িত বস্তু লাভের জন্যে প্রচেষ্টা : সাধনা। অভিশাপ-হেতু স্বদশাচ্যত : শাপভাই, শাপল্ডা [ ব্রী ]। অভিশাপের নিবৃত্তি : শাপমৃ**ত্তি, শাপান্ত**। অভিষেকের নিমিত্ত জলপাত্র: **ভূলার**। অভিযেকের সময় রাজার মাথায় যে শ্বেত ছত্ৰ ধরা হয় : **রাজ্জ্ত**। অভীষ্ট সিদ্ধির উদ্দেশ্যে ইষ্টদেবতার পূজার্চনা : পুর**ন্চরণ**। অভ্ৰান্ত জ্ঞান : প্ৰমা। অভ্যাসের অভাব : **অনভ্যাস**। অমরগণের বাসস্থান : অমর্তলোক, অমর্ত্যলোক। অমাত্যবর্গ ও গণিকাদের গহারাম : वाभानवाष्ट्रि, वृक्तवाणिका। অমাবস্যা ও পূর্ণিমায় নদী ও সমুদ্রের জলস্ফীতি বা জলোচ্ছাস : জোৱার. क्रांग।

٤۶

মিলন অমাবস্যা Q প্রতিপদের : পর্বসন্ধি।

অমাবস্যা তিথিতে করণীয় শ্ৰাদ্ধ : পাৰ্বণ।

অমাবস্যা, পূর্ণিমা ও সংক্রান্তির রাত্রিতে উপবাস: নিশিপালন।

অমাবস্যায় করণীয় যাগ : **দর্শ**। অমিত আভা যার : **অমিতাড**।

অমলক দোয়ারোপ: **মিথ্যাপবাদ**।

আল পাদ : টক।

অযথা বা অশুদ্ধ বা অন্যায় প্রয়োগ

: অপপ্রয়োগ।

यरगिशात यना नाम : मार्क्छ।

অযোনি থেকে জাতা : অযোনিসম্ভবা [শ্রৌপদী।।

অরণি ঘর্যণের দ্বারা অগ্নি উৎপাদন

: অগ্নিমন্থন।

অরণ্যে প্রবেশ করার পর হস্তীর চীৎকার

: वृश्य् ।

অরণ্যে বৃক্ষে বৃক্ষে ঘর্ষণজাত অগ্নি

: प्रविनिम् ।

অরণ্যের অগ্নির তাপ : **দাবদাহ**।

অরমিতা নারীর যোনিমুখাবরণ

: সতীচ্ছদ।

অর্নের ধনক : গাঙীব।

অর্জুনের পুত্র : **আর্জুনি**।

অর্জুনের রথ : **কশিখাজ**।

वर्ष्ट्रात्व व्रवमध्य : प्रवम्ख ।

অর্থ ও অন্যান্য সম্পত্তি : ধনসম্পত্তি,

ধনটোলভ।

অর্থপূর্ণ হাবভাবের সঙ্গে অঙ্গভঙ্গি : क्रेंग्रक ।

অর্থবল ও লোকবল : ধনজন। অর্থ বাজি রেখে যে তাস-পাশা খেলে

: जुग्राफ़ि, जुग्राफ़ी।

অর্থলাভের প্রবল বাসনা : ধনতৃষ্ণা। অথহীন উক্তি বা বাক্য : প্র**লাপ**।

অর্থের জন্য যে সকল নিগ্রহ সহ্য করে : धनमात्र।

অর্ধচন্দ্রাকার ঘন দাড়ি : **চাপদাড়ি**। অর্ধ-চন্দ্রাকৃতি কণ্ঠভূষণ : হাঁসলি, হাঁসুলি,

ঠেসো। অর্ধ-চন্দ্রাকৃতি তৈরি ফুল বা শোলার

মালা : हाँप्रमाला ।

অর্ধচন্দ্রাকৃতি বাণ : **কলাপ**।

অর্ধ রাত্রি : **নিশীথ**।

অর্ধরূপে সমত : **নিমরাজী**।

অর্ধ-শিক্ষিত মোলা : **নিমমোলা**। অর্ধ-হক্ত পরিমিত | ছাদশ অঙ্গুলি | মাপ

: বিতক্সি।

অর্ধের সঙ্গে বর্তমান : সার্ধ।

অলম্বরণের শিল্প-চাতুর্য: ম**ঙনকলা**। অলম্বারাদি নির্মাণের নিমিত্ত সংগৃহীত

স্বৰ্ণ বা রৌপ্য: রুপ্য।

অলম্বারে ভূষিতা : সালম্বারা, লালকোরা। অলক্ষিত দেবতার বাণী : দৈববাণী.

আকাশবাণী।

অলব্ধ বস্তুর লাভ ও লব্ধ বস্তুর রক্ষা

: योगस्क्य।

অলীক বচন বা কাহিনী : **উপন্যাস**।

অলৌকিক শক্তি : দৈবশক্তি। অলৌকিক শক্তিসম্পন্ন ব্যক্তি: **অতিমানব**। অলৌকিক শস্তির ভাব : বৃ**জরুকি**। অল্প কথা বলে যে : অল্পভাষী. মিতবাক, মিতভাৰী। অল্প কাল বাঁচে যে: অল্লায়, বল্লায়। অল্প বয়সে বিবাহ : বাল্যবিবাহ। অল্পবয়স্কা বধু: বউরি, বউড়ী, বধুটী। অল্পবয়স্কা গাভী: বক্না। অল্প বাতাসে যার পাতা নডে: **পিপ্লল**। অন্ন-ব্যয়সাধ্য শ্রাদ্ধ : তিলকাশ্বন। অল্প মূল্যের হোটখাট জিনিসপত্র : क्रॅंकिनांविक । অল্লেতেই মারামারি করা যার স্বভাব : मात्रकुर्छे, मात्रकुर्छे। অশান্তি দুরীকরণ : **শান্তিস্থাপন**। অশান্তির উৎপাদন । সৃষ্টি। : শা**ন্তিভঙ্গ**। অশিষ্ট বা লম্পট কর্মে যার লক্ষা নেই : বেল্লিক। অশিষ্ট ভাষা যার : **দুর্ভাষা**। অশুদ্ধ প্রয়োগ : অপপ্রয়োগ। অণুভ ক্ষণ : অবেলা। অশৃভ ঘটনার স্বপ্ন : **দৃঃস্বশ্ন**। অশৃভ চিন্তা : দুক্তিভা। অশৃভ লকণ : मूर्नक। অশোকের পিতা : বিশুসার। অশোভন রূপে লোভী : **হ্যাংলা**। অশোভন লোলুপতা : হাংলাপনা, হ্যাংলামি। অখ্, রাজধন ও নারীবহনক্ষম কক্ষ-

বিশিষ্ট বৃহৎ জল্**যান** : সর্বমশিরা। অপ. গছ বা রথে আর্ঢ় যোদ্ধা: সাদি. मापी। অশ্বথ, বট, বিশ্ব, ধাত্ৰী [আমলকী] ও অশোক—এই পণ্য বৃক্ষের : পশ্ববটী। অশ্বথ বট প্রভৃতি যে সব বৃক্ষে ফল হয় কিন্তু ফুল হয় না : বনস্তি। অশ্বপৃষ্ঠে বসার আসন-সম্ভা: জিন। অশ্বমুখী সমুদ্ৰ-গৰ্ভস্থিতা দেবী: **বড়বা**। অগ্নেধের অগ : যযু, বীরভন্ত, ময়ু। অশ্বাদি পশুর খুর : **শফ**। অশ্বাদির প্রহরণ : কশা, চাবুক। অশ্বাদির তাডনদগু: প্রতাদ। অশ্বাদির মতো যে সকল পশুর খুর অবিভক্ত : **একশফ**। অশারোহী সৈন্য : **সোয়ার, সওয়ার**। অশ্বারোহী সৈন্যদল : রিশানা, রেশানা, विमाना । অশ্বারোহী সৈন্যদলের অশ্বশালা : রিশালা. द्भगाना, द्रिमाना, द्रमाना। অশ্বের অগ্রপদ উত্তোলন : শির্রপা, শিরোগা। অশ্বের আরোহী: সওয়ার, চড়নদার। অশ্বের গতি : कम्म। অশ্বের গ্রীবার গ্রীবা যার মতো : হয়ত্রীব। অশ্বের একদিনের গম্যপথ : **আহীন**। অধের চালক : সাদী। অশ্বের তত্ত্বাবধায়ক : স্থিস, স্ট্স।

অধের পালক : সহিস, সইস। অশ্বের বক্ষঃপট্ট : তলসারক। অপের বক্ষঃস্থলের বেষ্টনরজ্যু : তলপঞ্জি, তলপট্রী। অশ্বের বাসস্থান : মন্দুরা, অর্থনালা, যোড়াশালা, যোড়াশাল। অধের শাবক : **কিশোর**। অশ্বের স্বচ্ছন্দ গমনভঙ্গি : **প্রত**। অশ্রহীন রোদন : শৃ**ক্তরোদন**। অশ্লীল উক্তি: পচাল। অশ্লীল আমোদ-প্রমোদে আসক্ত: **রসী**। অশ্লীল বাক্য উচ্চারণ : **মৃখ-খিন্তি**। অষ্ট্রমবর্ষীয়া কন্যাদান : গৌরীদান। এটাক্ষর পদ সংস্কৃত ছন্দ : **অনুট্রপ.** অনুষ্টভ। **ঘ-সংস্কৃত ভাষা**য় যে কথা বলে : (景陵 ) यत्र थाठत्र यातः **मुत्राठात** । অসৎ উদ্দেশ্য : **দুরভিসন্ধি**। মদৎ এমন অভিপ্রায় : দুর**ভিপ্রায়**। অসৎ খেয়াল : বদ্ধেয়াল। यमर পथ : विभध। মসৎ পথে গমন করে যে : **উন্মার্গগামী**। মসং প্রকৃতি : **দৃত্যবৃত্তি**। মসং বা দৃষ্ট স্বভাব যার : **দৃঃশীল**। মসবর্ণতার জন্যে যে বিবাহের অযোগ্য : অবিবাহ্য। পসভ্য মানুষ বা জাতি : **বর্বর** । মসম্পূর্ণ তপস্যা যার : খঙ্ডপথী. খডতপৰিনী ( वी )।

অসম্ভব ঘটনা : **অঘটন**। অসময়ে জাগরণ । দেবতার ] : व्यकानदायन । অসাড় অকর্মণ্য ব্যক্তি : **হাবড়া**। অসাধ্য-সাধনে পটু [ব্রী]: অষ্টন-ঘটন-পটীয়সী। অসীম সাহস যার : দুঃসাহসী, দুঃ-সাহসিক, অসমসাহসিক। অসুরপুর ধ্বংস (জয়) করেন যিনি : श्रृतक्षय, श्रृतकि९, श्रृतक्ताः অস্তিত্ব লোপকরণ : **নান্তানাবুদ**। অন্তগামী সূর্যের আলোকছেটা : সন্ধারাগ, मक्रारम् । অন্ত্র-চিকিৎসার অন্ত্র : भन्न। **जारह** गार्क्ड अपन : **जलाग्रमान**. অন্তোনুখ। অন্ত্র-ফলকাদির যে স্থান মৃষ্টিতে ধরা হয় : সংগ্রাহ, হাতল। অক্সাঘাত থেকে আত্মরক্ষার জন্যে দেহাবরণ বা কবচ : সাঁজোয়া, বর্ম, কবচ, তনুত্রাণ। অব্রাদিতে ধার দেবার পাথর : শাণ, मान। অব্রাদির ঘাত-প্রতিঘাত শব্দ : **বাশ্বনা**। অব্রাদির হাতল : বাঁট। অন্ত্রের সংবরণ : প্রতিসংহার। অন্ত্রোপচারের দ্বারা রক্ত বাহির করে দেওয়া [শিশুর বা পাখির] : ब्रह्माक्ना অন্থায়ী বাসস্থান : **বাসা**।

অস্থায়ী বাসা : **ডেরা**।

অস্থায়ীভাবে পদ্চ্যুত : **নিলম্বিত**।

অস্থায়ীভাবে পদচ্যুতি : **নিলম্বন**।

অস্থির ব্যাদির খুরের আঘাতের শব্দ

মশক ইত্যাদির দংশনজনিত]

: হুটপাট।

অম্পষ্ট বাক্য : **বৃলি**।

অম্পর্ট মধুর হাসি : **কলহাস্য**।

অস্পষ্টভাবে অসমতি প্রকাশ : গাঁইগুই।

অস্টুট মধ্র ধ্বনি : **কলধ্বনি**।

অম্বাভাবিক মৃত্যু : **অশমৃত্যু** ।

অস্বাভাবিক রকমের বিকট বা কুৎসিত

: বিটকেল।

অস্বাভাবিক রুচিযুক্ত : বিকৃতরুচি।

অম্বাভাবিক রূপ' ৬র : বিকার, বিকৃতি। আফাণের সঙ্গে বর্তমান : সাহজার.

সাহংকার।

অহনের অপর ভাগ : **অপরাহ্ন**।

অহনের [দিনের | পর [পরভাগ]

: शत्राष्ट्र।

অহনের পূর্বভাগ : **পূর্বাহ্ন**।

**অহনের মধ্য : মধ্যাহ্চ**।

অহল্যা, দ্রৌপদী, কুন্ডী, তারা ও

মন্দোদরী—প্রাতে স্মরণীয়া এই পশুকন্যা

: পশুস্মরণীয়া।

অহিতকর পথ্য : **কুপথ্য**।

অহিতকর বিষয়ে সহ্যের সীমা অতিক্রমণ

ः राप्न ।

অহিন্দু জাতি : यবन, यবनী [वी]।

আ

আইন-বিরুদ্ধ কাজ : **বে-আইনী**।

আইনসম্মত উপায়ে পতি ও পদ্ধীর

বিবাহসম্বন্ধ ত্যাগ : বিবাহবিচ্ছেদ,

তালাক।

আঁকাবাঁকা ডোরাকাটা : **হিলিমিলি**।

আঁকাবাকা রেখায় অর্থহীন লেখা

: शिकिविकि।

আকর্ষণ করা হচ্ছে যাকে : **আকৃষ্যমাণ**।

আকর্ষণীয়তায় অদ্বিতীয় বা রৌপ্যের

চন্দ্রের মতো : **র্পচাঁদ [টাকা]**।

আকর্ষণের বিপরীত : **বিকর্ষণ**। আকস্মিক দুর্দৈব : **উপদ্রব**।

আকস্মিক প্রচণ্ড বেগযুক্ত হাওয়া

: मयका।

আকস্মিক বিপৎপাত : **দুর্ঘটনা**।

আকস্মিক বিপদের সম্ভাবনা : **ফাঁড়া**।

আকস্মিক মূর্চ্ছা যাওয়া বা মাথা ঘোরা

: ভিরমি, ভির্মি।

আকস্মিক মৃত্যুর কারণ : অপ**ঘাত**।

আকারের সঙ্গে বিদ্যমান : **সাকার**।

আকাশ ও পৃথিবী : क्रम्मेत्री।

আকাশ ও পৃথিবীর অন্তরাল : **রোদসী**।

আকাশগামী আতসবাজি : হাউই।

আকাশগামী যান : **আকাশবান, বিমান,** 

र्याययान ।

অসম্ভব পূষ্প

: व्यक्तिनकुनुम ।

আকাশবাহিনী গদা : আকাশগদা, মন্দাকিনী, স্বৰ্গগঙ্গা। আকাশে উড়স্ত ধূলিরাশি : **ধূলিপটল**। আকাশে প্রদত্ত দীপ : আকাশদীপ. আকাশপ্রদীপ, আকাশদিউটী, আকাশ-দেউটী। আকাশে বিচরণকারী: আকাশচারী নভচারী, নভশ্চর। আকাশের দিকে চেয়ে কল্পনাবিলাস : प्राप्त्रमानपात्री। আকাশের দিকে চেয়ে কল্পনাপ্রবণতা : আকাশবৃত্তি। আকাশের রং: আকাশী, আসমানী। আকেল নেই যার : বে-আকেল। আক্রাম্ভ ও আক্রমণকারীর সদ্ধিপূর্বক সহাবস্থান : সন্ধায়াসন। আক্রমণ করবার, কামড়াবার বা মারবার জন্যে ক্ষিপ্তভাবে ইতস্ততঃ ধাবমান : रना, राना। আক্রমণের জন্যে প্রস্তুত হয়ে অপেক্ষা করে থাকা : ও**তপাতা**। আগন্তকের সম্মানের জন্যে উঠে দাঁড়ানো : थ्रशुर्थान । আগমনে প্রতিশ্রত নায়কের অনাগমন-হেতু দুঃখিতা নায়িকা : **বিরহোৎকণ্ঠিতা**। আগাগোড়া খুঁটিনাটি সমস্ত : নাডীনক্ষর। আগাছা উৎপার্টনের লৌহাত্ত্র: नিডানি। আগামী কালের পরের দিন : পরশু.

श्रीषः ।

আগামী পরশুর পরের দিন : **তর্শু**। আগুন জ্বালাবার কাঠ : ইথম। আগুন জ্বালাবার জন্যে যাঞ্জিকের পশুর চামড়ার ব্যজন : **ধবিত্র, ধৃবিত্র**। আগুন ধরাবার তৃণমৃষ্টি বা খড়ের আঁটি : नुषा, नुष्पा। আগুনে নিক্ষেপ করে চরিত্রের বিশৃন্ধতা বিচার : **অন্নিপরীকা**। আগুনে পুড়িয়ে শোধন : অমি-সংস্থার । আগনে যা পোড়ে না : **অমিসহ**। আগুনের উত্তাপে যা ফুটছে: ফুটছ। আগ্নের তীব্র শিখা : হলকা। আগুনের দ্বারা অপরাধ-নির্ণয় : আরি-পরীকা। আগুনের পাত্র : অদিপাত্র, হসন্তিকা, হসনী। আগুনের ফুল্কি: স্ফু**লিস**। আগুনের শিখার ধোঁয়া থেকে উৎপন্ন कालि : जुना, जुला। আগুনের শিষ: শিখা। আগে থেকে: পূৰ্বাবিধ। আগে প্রণাম করে : **প্রণামপুরঃসর**। আগে বা পূর্বে গিয়েছে যে : পুরোগামী. পূৰ্বগামী। যার বর্ণনা করা **स्ट्राट्ड** : পূৰ্ববৰ্ণিত। আগের এবং পরের ক্রম : আনুক্রমিক, আনুপূর্বিক, সৌবাপর্য। আগের ও পরের : **অনুপূর্ব, পূর্বাপর**। আপের দেয় : পুজরা।

আগের বছরের : গৃজন্তা। আগ্রহ সহকারে মনঃসংযোগ : অভিনিবেশ। আঘাত নিবারণের গাতাবরণ : কবচ।

আঘাত নিবারণের গাত্রাবরণ : **ধ্বত**। আঘাতের বদলে আঘাত : **প্রতিঘাত**, প্রত্যাঘাত।

আঘাতের বদলে আঘাতকারী : **প্রতিম,** প্র**তিঘাতী**।

আঘাতের বিপরীত : **প্রতিঘাত**, **প্রত্যাঘাত**।

আঙুর ফল বা লতা : দ্রাহ্ণ। আঙুলবিহীন হাত : ঠুঁটা, ঠুঁটো। আঙুর, বেদানা ইত্যাদি পৃষ্টিকর ফল : মেওরা।

আঙুলের ঠাকর : ঠাকনা, ঠানকা, ঠানা।

আঙুলের হাজা-রোগ : পাঁকুই।
আচার্যের সহকারী আচার্য : উপাচার্য।
আচ্ছাদনযুক্ত বৃহৎ বারান্দা : দরদালান।
আচ্ছাদনের বিশেষ বিস্তার : বিতান,
শটমঙপ।

আৰু থেকে: **অন্যাবধি।** আৰুত্ম অন্ধ: **অত্যাবধি।** আৰুত্ম শত্ৰু, স্বাভাবিক শৃত্ৰু: **জাতশত্ৰু।** আঞ্জীবন অবিবাহিত: চিন্নকুমান্ত্ৰ, চিন্নকুমান্ত্ৰী [বী]।

আজীবন সধবা যে নারী : চিরায়ুস্মতী। আজ্ঞা বহন করে যে : আজাবহ। আঠালো ময়দা : লেই।

আড়চোখে দৃষ্টিপাত বা চাহনি : কটা<del>ক</del>।

আড়ম্বর ও অহঙ্কারের প্রকাশ : **ফুটানী,** সু**টুনী**।

আড়ম্বরপূর্ণ কথারম্ভ : **ডণিতা**। আড়াল থেকে লুকিয়ে অন্যের কথা শোনা : **আডিশাতা**।

আত্মগুণ কথন : **আত্মগ্রাত্মা, শ্লাত্মা**। আত্মগোপনকারী আসামী : **ফেরার**। আত্মগোপনের জন্যে পরিধেয় বেশ

: इंग्रदम्।

আছাহারা অবস্থা : তুরীর ।
আছাদি বিষয়ে জ্ঞান : অধ্যা**দজান** ।
আদপ কায়দায় তুর্টিহীন : **দেকাফাদুরস্ত** ।
আদপ [ শিষ্টতাবোধ ] নেই যার
 : বেয়াদপ, বেয়াদব ।
আদরে প্রতিপালিত পুত্র : দুলাল ।

আদরের সঙ্গে বিদ্যমান : সাদর। আদর্শ কর্মী : কর্মবীর। আদর্শ চিন্তাকারী : চিন্তাবীর। আদর্শ যোদ্ধা : যুদ্ধবীর।

আদায়ীকৃত খাজনা বা খাজনা আদায়ের দফ্তর : **তহসিল** ।

আদালতে হলফ করে মিথ্যা সাক্ষ্য-দান : পরজারী।

আদালতে অভিযোগ: **ফরিন্নদ**। আদালতে প্রথম বিচার-প্রার্থী: বাদী। আদালতে বিচারকের সমক্ষে যা উস্ত হয় : **জবানবন্দী**।

আদালতে সত্য-কথনের জন্য ইইদেবতা বা তামাতুলসী গঙ্গাজল স্পর্শ করে শপথ-বাক্য পাঠ: হলপু, হলক।

আদালতে হাজির হওয়ার পরোয়ানা : সপিনা। আদালতের যে আদেশ জারি করা হয়নি বা কাজে রূপায়িত হয় নি : বি**নজা**রী। আদিত্যের শক্তি: অর্থমা। আধ্যান্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক যন্ত্রণা : ত্রিতাপ। আনন্দ-উৎসব উপলক্ষে ভোজ : প্রীতিভো**জ**। আনন্দজনক ধ্বনি : ননিঘোৰ। আনন্দজনক সংবাদ : সৃখসংবাদ, गुभरवाम । पाननमानकाविशी नाती: वितामिनी। पानन्मगाक (य वन : नन्मन्कानन। আনন্দে বেগে উল্লাফ। আনন্দের আতিশয্যহেতু বাঁধভাঙা (कानायन: रज्जा। আনন্দের সঙ্গে বর্তমান : সা**নন্দ**। আনাড়ী চিকিৎসক : **নিমহাকিম**। **पान्यिक रक्ष्माम : रक्षार ।** আনুষ্ঠানিকভাবে সন্তানরূপে গৃহীত অপরের পুত্র : পোষ্যপুত্র। আপদ নিবারণ : মুশ্কিলআসান। আপন জন : चलन। আপনা থেকে প্রকাশিত : **স্বতঃস্ফুর্ত**। আপনার জ্যোতিতে আপনি প্রকাশমান : चर्यकान, चग्रःथकान। আপনার দ্বারা অনুষ্ঠিত : স্বকৃত। আপনার প্রভায় আপনি প্রভাময় : प्रारथज्, प्रारथज् । दी । ।

আফগানিহানের ভাষা : **পশ্তু**। আবরণের কাগজ বা কাপড় : প্রচহদ, थम्हापन । আবহমান কাল ধরে যা প্রচলিত : চির-প্রচলিত, চিরায়ত। আবাহনী, স্থাপনী, সন্নিধাপনী, সম্বোধনী, সম্মুখকরণী—এই পাঁচ প্রকারের মুদ্রা : পশমুদ্রা। আবৃত্তিপূর্বক বেদাধ্যয়ন : **স্বাধ্যায়**। আভা-মিশ্রিত ছায়া : **আব্ছায়া**। আভিধানিক অর্থ ডিন্ন অন্য অর্থের দ্যোতনা : **বাভনা** । আত্যুদয়িক শ্রাদ্ধ : **নাশীমুখ, বৃদ্ধিশ্রাদ্ধ**। আম, চাঁপা, শমী, পদ্ম ও করবী : भृष्यभूष्म । আমদানি ও রপ্তানি-শৃক্ষ : ব**হিঃশৃক্ষ**। আমন্ত্রিত কবিগণের স্বর্রচিত কবিতা-আবৃত্তি : **মুসায়েরা**। আমন্ত্রিতগণের মধ্য থেকে কন্যার স্বয়ং পতি নির্বাচন : স্বয়ংবর, স্বয়ন্বর। 'আমি বশ' একথা যে বলে : ৰশংবদ। আমূল বৃত্তান্ত: বায়নাকা। আমের রস দারা প্রস্তুত পদার্থ : व्यायम् । আমেরিকা যুক্তরাষ্ট্রের তৈরি মোটা সৃতী কাপড়: **মার্কিন**। আমোদ-প্রমোদের সুসজ্জিত মহল : ब्रह्मर्ग, ब्रह्मर्ग। আন্র, অশ্বর্থ, বট, পাকুড় ও যজ্ঞভুমুর বৃক্ষের পাতা : **পশ্বপদ্মব** [বৈদিক]।

मुख्या।

আত্র, অশ্বর্থ, বট, বকুল ও কাঁঠাল গাছের পাতা : **পদ্ধপদ্দব** [তান্ত্রিক]। আম্রাদি বক্ষের উদ্যান : নন্দনবাড়ী. नमनवन । আনার অসাধ্য অবস্থা আয়ত্তে : (वकाग्रमा । আয়নায় প্রতিফলিত মূর্তি : প্র**তিবিস্ব**। আয়ান ঘোষের দ্বী: **রাধা**। আয়ব্যয় ও জমাখরচের হিসাবের বই : হিসাব-কিতাব। আয়বায়াদির অধ্যক্ষ : অবেক্ষক। আয়ব্যয়ের চূড়াস্ত হিসাবের বিবরণ : হিসাব-নিকাশ। याग्रुर्तम-भाख कुनन : देना । আয়ের স্বন্ধতা : অনির্বাহ। আরতির জন্যে ব্যবহৃত পাঁচটি প্রদীপ : পদ্মপ্রদীপ। আরবদেশীয় অশ : তাঞ্জি, তাঞ্জী। আরবী, ফারসী উর্দ্ কবিতা বা কবিতার চরণ : **বয়েৎ, বয়েত**। আরাকানের অধিবাসী : মগ। আরাধনার বাক্য: खোর। আরামদায়ক শয্যা : সুখ**শয্যা**। আরামপ্রদ আসন : সুখাসন। আলকাতরা-মাখানো মোটা কাপড় : ত্রিপল। व्यानतानात्र नन : अपेका । प्यानगु तिरे गात : निवनम् । ` আলুলায়িত কেশযুক্তা नात्री : वानुनाग्रिष्क्रचना, मुख्यानी,

আলোক উৎসব : রোশনাই, রোশনি। আলোকরশ্মির বিভিন্ন বর্ণে বিশ্লেষণ : विक्रुत्रन्। আলোচনার জন্যে উত্থাপিত বিষয় : প্রস্তাব। আলোচনার নিমিত্ত সভ্যগণের একত্র উপবেশন : বৈঠক। व्यालाघा विषय : धमन । আলোচ্য বিষয়সমূহের অনুক্রমিক তালিকা : विषयमुठी। পরিসমাপ্তি আলোচা বিষয়ের : উপসংহার। আলোচ্য বিষয়ের সূত্র-রূপে প্রসঙ্গক্রনে ভিন্ন বিষয় : প্রসঙ্গান্তর। আলোড়ন ও উদ্দীপন : বিভাব। আশা নেই যার : **নিরাশ**। আশাভঙ্গ-জনিত খেদ: **বিষাদ**। আশীর্বাদ ও অভয়দানসূচক হাতের মুদ্রা : বরাভয়। আশ্বাস-বাক্যের দ্বারা শাস্তকরণ : সাক্রা। আন্দিন মাসের পূর্ণিমা-তিথি: কোজাগর। আশ্রয় নেই যার : **নিরাশ্রয়**। আশ্রারপ দঙ: ঠক্না, ঠক্নো। আষাতু ও শ্রাবণ মাদ : **বর্ষা**। আস্ফালন-সূচক চিংকার : **হাঁকডাক**। বিষয়ে শৌখিন যে আহার : ভোজনবিলাসী। আহারের উপযুক্ত ও অনুপযুক্ত দ্রব্য : बीगाबीग, ভক্যাভক্য।

আহারে পর পাতের অবশিষ্ট খাদ্য : ভন্তাবশেষ :

অ'হতির অধিষ্ঠাত্রী দেবতা : **স্বাহা**। ৫ পোনে, গানে ও রোদনে প্রলম্বিত ও কম্পিত স্বর : **গ্রতন্তর**।

### \$

देश्नस्त वा गुरताभ य चुरत এসেছে : বিলাতফেরত, বিলাতফেরতা। ইদর-মারার জন্য জাতির আকারের কল : জাঁতিকল। ইক্ষাকুর পুত্র: भेगाम। रिष्यानुतृश तृश्याती : कामबुनी। ইচ্ছামতো আঁট বা আল্গা করা যায় এমন রজ্জ-বন্ধন : **ফাঁস**। ইচ্ছামতো আচার-আচরণ: যথেচ্ছাচার. यरथञ्चानात्रिजा. বেচ্ছাচার. কেছাচারিতা। ইচ্ছামতো কাজ বা আচরণ করে যে यरथञ्चानाती. यरथञ्चानात्रिनी । जी।. বেজ্যাদ্রারী, বেজ্যাচারিণী [বী]। ইঞ্জিনে টানা চার চাকার হালকা গাড়ি : বগি। ইটের গাঁথনি বা জমির মধ্যস্থ ফাঁক : कंप्रिन। ইটের গুঁড়া : সুরকি। ইটের টুকরো : **পাটকিল**। ইটের রুণ্ডের ফ্রেল রং যার : পটি**কিলে**।

ইড়া ও পিদলা নাড়িব মধ্যবর্তী নাড়ি

: जुबुना। ইতরার পুত্র : **ঐতরেয়, মহিদাস**। ইতস্ততঃ গমন বা স্থারণ : বিস্পৃণ। ইতস্ততঃ গমনশীল বা সণ্যরণশীল : বিস্পী। ইতস্তত: নিক্ষেপ : **বিক্ষেপ**। ইতস্তত: বিক্ষিপ্ত দ্রব্যসমূহের একত্রীকরণ : गरबर । ইতস্ততঃ ভ্রমণ : **প্রসর, বিচরণ**। ইতিপূর্বে দঙিত ব্যক্তি: **দাগী**। ইতিহাস জ্ঞানেন যিনি : ঐতিহাসিক। ইন্দ্রজালের সাহায্যে যে খেলা দেখায় : धेक्कानिक। ইন্দ্র*ভিতের প*ত্নী : **প্রমীলা**। ইন্দ্রপ্রস্থের সভাগৃহ নির্মাণকারী দানব-निची: यश। ইন্দ্রিয় জয় করেছে যে : **জিতেন্দ্রিয়**। ইন্দ্রিয়-লব্ধ প্রথম উৎপন্ন জ্ঞান : **অভিজ্ঞা**। ইন্দ্রিয়ের দাবি প্রণে তৎপর : ইक्तिज्ञगत्रवन् । ইন্দ্রিয়ের দ্বারা উপলব্ধি : প্রত্যক্ষ। इक्षिरात সংযম : प्रमा ইন্দ্রের অধ : উচ্চঃপ্রবা। इत्प्रत উদ্যান : नचन। ইন্দ্রের উপবনস্থিত সরোবর : **নন্দিসার**। ইম্রের কন্যা : जगनी। ইন্দ্রের তরবারি : পারজ। ইন্দ্রের ধন : ইক্রচাপ। देख्यत थाका : विषयुष्ठ। ইচ্ছের পুত্র : জয়ন্ত।

ইন্দ্রের পুরী : অমরাবতী, বৈজয়ত, বৈজয়ন্তথাম। ইন্দ্রের । কর্ণকে । প্রদত্ত অব্যর্থ মহাস্ত : একাঘী। देखन तथ : विज्ञान । ইন্দ্রে সারথি : **মাতলি**। ইা:দ্ৰব খ্ৰী: **ইন্সাণী, এন্দ্ৰী, শচী**। ইল্রেল হন্তী: ঐরাবত, ঐরাবণ। ইরালানে । সমূদ্রে। জাত : **এরাবত**। ইল'র অপত্য : **এল, পুরুরবা**। ইউন-নির্মিত সূবৃহৎ অট্টালিকা : **প্রাসাদ**। ইষ্টক'দি-নিমিত আচ্ছাদন: দরদালান, বারান্দা -रेष्ट्रिक्त रूप : शैंका। ইষ্ট্রুবতার নাম কীর্তন : **নামগান**। ইষ্টদেবতার সঙ্গে এক লোকে বাস : সালোক্য। ইষ্টনাম জপ করার গৃলিকার মালা : জপমালা। ইষ্টলাভ, পাপক্ষয় ও পুণ্যলাভের জন্যে অনুষ্ঠিত ধর্মকার্য : ব্রত। रेननाभी भाखान्यामी निर्मा : **करणामा**। ইসলামে অবিশ্বাসী: **কাকের**। ইহলোকের পর যে লোক : পরলোক। ইহুদি জাতি : श्रिः ইহুদি খ্রীস্টান ও ইসলামী পুরাণোক্ত

আদি মানবী : হবা।

#### R

ঈশান কোণস্থ দিগ্গজ: সু**প্রতীক**। ঈশান কোণের অধিপতি : **শিব**। ঈশ্বর-কর্তৃক প্রদত্ত : **ডগবন্দন্ত**। ঈশ্বর-প্রেরিত দৃত: নবি, নবী, পয়গম্বর, त्रमुन । ঈশ্বরের অন্তিত্বে অবিশ্বাস : **নান্তিকতা**। ঈশ্বরের অস্তিত যে স্বীকার করে না : নাস্তিক, নিরীখর, নিরীখরবাদী। ঈশ্বরের ঐশ্বর্য : বিভৃতি। ঈশ্বরের জন্যে বাতুল বা ব্যাকুল যে সাধক-গায়ক : বাউল। ঈশবের প্রতি অনুরাগ : ঈশবানুরাগ, फिक्ति। ঈশ্বরের ভাব বা কর্ম : **ঐশর্য**। नीना-विखातिनी ঈশবের শক্তি : (याशयाया । ঈয়ৎ উষ্ণ : **কদৃক্ষ, কবোক**। দ্ববং উষ্ণ স্পর্শ : করোক। ট্যৎ কম্পন : **প্রস্কুরণ**। ঈষং কটা : কটালে। ঈমৎ কাঁচা : **দরকটা**। क्रेयर भाका : मत्रभाका। ঈয়ৎ পাগলামি আছে যার: পাগলাটে। ঈয়ৎ পাড়বর্ণ : ধুসর। त्रेयः शित्रल : क्वांत्न । जयर वाका : विक्रम ।

क्रियर प्रथुत : जाम्युत ।

দূৰণ রক্তবর্ণ : **অর্ণ**। দূৰণ হাস্য : **শ্বিত**। দূৰণ হাস্যযুক্ত : **শ্বিত**।

দিহা [ ঢেটা | নেই যার : **নিরীহ**।

#### B

উইমাটির **টিবি** : বশীক। উইটিবির মধ্যে তপস্যাকারী : বাশীকি। উকুনের ডিম : **নিকি**। উকুনের শাবক : নিকি। উল্ভি-খন্ডনের জন্যে উক্তি: প্র**তিবাদ**। উর্ব্দিন জবাবে উক্তি: **প্রত্যুক্তি**। উগ্রতপাঃ মূনি : সূতপাঃ। উগ্র বা তীব্র রং : **রগরগে**। উগ্র বা রুক্ষ মেজাজ : **বদ্মেজাজ**। উগ্র বা রুক্ষ মেজাজ যার :বদুমেজাজী। উঁচনীচ যে স্থান : বন্ধুর। উচ্চ ও নীচ : বন্ধর, উচ্চাবচ। উচ্চ *গাহিতে* জন্ম <mark>ভেবে অভিমান</mark> : জাতাভিমান। উচ্চ দন্ত বিশিষ্ট ব্যক্তি: **দন্তুর, দেঁতো**। উচ্চ ध्वनि : श्रयन, श्रयान, मरानाम। উচ্চ निनाम : निर्साय। উচ্চপদে প্রতিষ্ঠিত : **পদস্থ**। উচ্চপদের জন্যে গর্বিত : পায়াভারী. পায়াভাবি। উচ্চবংশে জাত : **সন্তান্ত**। উচ্চবর্ণীয় আর্যদের চার প্রকার আশ্রম : বর্ণাশ্রম।

উচ্চবর্ণীয়ের সঙ্গে নির্নবর্ণীয়ের বিবাহ : वनुत्नाम। উচ্চবর্ণের নারীর সঙ্গে নিম্নবর্ণের পুরুষের বিবাহ : **প্রতিলোম**। উচ্চবর্ণের পুরুষের সঙ্গে নিম্নবর্ণের হীলোকের বিবাহ : অনুলোম। উচ্চবর্ণের দ্রী ও নিম্নবর্ণের পুরুষের সন্তান : বিলোম**জ**। উচ্চরবে গীতকারী : **উদ্গাতা**। উচ্চরবে ডাক : **হুদার, হাঁক, হাঁকার**। উচ্চ মস্তক যার কখনো অবনমিত হয় না : উচ্চশির, উন্নতশির, চির-উন্নতশির, চিরোন্নতশির। উচ্চ শব : निश्वन। উচ্চ শ্রেণীর মানুষ : **ভদ্র, সম্রান্ত**। উচ্চ স্বরগ্রাম থেকে নিম্ন স্বরগ্রামে অবতরণ : অবরোহ। উচ্চ স্থান থেকে পতিত জলপ্ৰবাহ : ভলপ্রপাত। উজন্থানে অবস্থিত ক্ষুদ্র কুটির : টবি. प्रेनि । উচ্চস্থানে কাভ করার জন্যে বাঁশ দিয়ে ভৈরী মণ্ড: ভারা। উচ্চম্বরে হাঁকডাক : গলাবা**জি**। উচ্চ হাস্য : আইহাসি। উচ্চৈঃম্বরে আহ্বান : **ফুর্কার**। উচ্চঃস্বরে কথন : যোৰণা। উচ্ছিষ্ট পাতা : **পাতড়া**। উচ্ছিষ্টভোজী কুকুরের বৃত্তি : **খবৃত্তি**। উচ*্*ংখল আচরণ : **বেলেছাপনা**।

উচ্ছাসের সঙ্গে বর্তমান : সো**দ্ধাস**। উজ্জ্বয়িনী নগরীর গ্রাচীন নাম : পদ্মাবতী। উচ্জ্বলরূপে প্রকাশিত : **প্রতিভাত**। উজ্জ্বল শিখাবিশিষ্ট: সৃ**শিখ (আগুন)**। উজানের বিপরীত: **ভাটি**। উটের শাবক : করভ। উটের শাবকের কাঠের পাদবন্ধন : मुक्क्षन । উড়তে পারে যে : **উডুকু**। উড়বার জন্যে যে বস্ত্র : **উড়নি, উড়ুনি**। উডি ধান : नीবার। উৎকণ্ঠার সঙ্গে বর্তমান : সো**ৎকণ্ঠ**। উৎকৃষ্ট রূপ ও সৌভাগ্যের জন্যে গর্বিতা नात्री : क्षत्रमा । উৎকৃষ্ট রূপ ও সৌভাগ্যের জন্যে নারীর গর্ব : প্রমদ। উৎপন্ন ফসলের দ্বারা যে বন্ধকী জমির ঋণ শোধ হয় : খ**িখালাসী**। উৎপাদকের কাছ থেকে সন্তায় মাল কিনে যারা উচ্চমূল্যে বিক্রী করে : क्षित्रा, क्ष्प्रः। উৎসব উপলক্ষে প্রদত্ত পারিতোষিক : পাৰণি, পাৰণী। উৎসবকানীন আনন্দগান : সোহেলা। উৎসবের নিমিত্ত রচিত গৃহ : মঙ্কা। উৎসাহ ও প্রবৃত্তির সন্তার : **প্রেরণা**। উৎসাহের সঙ্গে বর্তমান : সোৎসাহ। উত্তপ্ত বালিতে ভাজা চাল : মৃড়ি। উত্তম অসম্কা নারী : বরাসী।

উত্তম আচার বা **অ**চ্চরণ : **সমাচার**। উত্তম ঋণ : चर्न। উত্তম গতি বা পরিণাম : **সদৃগতি**। উত্তম গন্ধ : সুৰাস। উত্তম গন্ধযুক্ত: সুবাসিত। উত্তম চরিত্র যার : সুচরিত, সুচরিতা [बी], त्रुष्टिब, त्रुष्टिबा [बी]। উত্তম নিয়ম ও ব্যবস্থা : সু**শৃত্যলা**। উত্তম নীতি যার : **সুনীতি**। উত্তম পথ : সুপ**খ, সুপছা**। উত্তম পথ্য: **সুপথ্য**। উত্তম পছা বা উপায় বা সমাধান : नुवाश । উত্তম পাতা **যাব : সুপত্র**। উত্তম পাত্র : **সুপাত্র**। উত্তম পুরুষ : সুপুরুষ। উত্তম পোশাক-পরিহিত : সুবেশ। উত্য ফল : সুফল। উভম ফল যার : **সুফলা**। উত্তম বন্ত্রালঙ্কারে সুসজ্জিতা নটীগণের নৃত্য : **যৌৰত**। উত্তম বৃদ্ধি যার : **সুবোধ**। উত্তম বৃদ্ধিশালী ব্যক্তি: সুবৃদ্ধি। উত্তম বা ভদ্র ব্যবহার : **সদ্ব্যবহার**। উত্তমভাবে উক্ত [বেদমন্ত্র]: সুক্ত। উত্তম ভেষজ্গুণ-সম্পন্ন বর্ষজীবী উদ্ভিদ্ : मट्येविव, मट्येविवी। উত্তম রং [রঙ] যার : **সূরং**। উত্তম রসবোধযুক্ত : সুরসিক, সুরসিকা 1811

উত্তম রূপ যার : সুরুপ, সুরুপা [ব্রী]। উত্তমরূপে অভ্য**ন্ত** : সদৃগড়। উত্তমরূপে আবৃত : **সুসংবৃত**। উত্তমরূপে উত্তম আসনে উপবিষ্ট : नमानीन । উত্তমরূপে ঐক্যবদ্ধ বা ঘনীভূত : नुनरहरू। উত্তমরূপে প্রতীত (প্রমাণিত) : **সূর্যতীত**। উত্তমরূপে বিদিত : **সুবিদিত**। উত্তমরূপে যা সংস্কার করা হয়েছে : नुगरक्छ। উত্তমরূপে युक्त : সুসংযুক্ত, সুসংযুক্ত। উত্তমরূপে সম্পাদিত : সুসম্পন্ন। উত্তমরূপে সাদৃশ্য : সৌসাদৃশ্য । উত্তমরূপে সিদ্ধ: সুসিদ্ধ। উন্নয়া নারী : निश्चदिनी। উত্তর ও দক্ষিণ মেরু থেকে সমদূরবর্তী ভূগোলক-বেষ্টনকারী কল্পিত রেখা : विवृवद्धशं, विवृववृधः উম্বর ও পশ্চিমদিকের মধ্যবর্তী কোণ : वाग्रु। উত্তরকালে যা হবে : বর্তিব্যমান। উত্তর দিক থেকে আগত : উন্তরে। উত্তরদিকের দিগুগজ : **সার্বভৌম**। উত্তর-পশ্চিম বা বায়ুকোণের দিক্হস্তিনী : भूवगर्ज । উত্তর-ভারতের অধিবাসী : **হিন্দুহানী**। উত্তর-ভারতের ভাষা : **হিনুহানী**। উত্তরাধিকারশূন্য অবস্থায় মৃত : কৌত। উত্তরাধিকার-সূত্রে প্রাপ্ত ধন-সম্পত্তি

: श्रक्ष, माग्र, भावती, विक्ष। উত্তরের উত্তর**: প্রত্যুত্তর**। উত্তরের দৃহিতা : **ইরাবতী**। উত্তরের [ বিরাট-পুত্র ] অন্য নাম : ভূমিজয়। উত্তরের জ্যেষ্ঠপ্রাতা : শৃত্য । উদয়পুরের নৃপতিদের খেতাব : **রাণা**। উদর কিংবা কণ্ঠদেশে চর্মের ভাঁজত্রয় : बिवनि, बिवनी। উদরান্নের নিমিত্র দাস : **অরদাস**। উদরের শ্লথ চর্ম : বলি, বলী। উদার মন যার : মনস্বী, মনস্বিনী (बी), त्रुपना। উদার-স্বভাবা ব্রী : সুদ**ক্ষিণা**। উদাসীন গায়ক-সাধক সম্প্রদায় : বা**উপ**। উদাহরণস্বরূপ যা ব্যবহৃত হ্বার যোগ্য : উদাহরণত্ব, पृष्ठाख्यम । উদুখলের পেষণ-দত্ত : মুবল। উদ্গত |উৎপাটিত | মূল যার : উন্মূল, উশ্বাদিত। উদ্গীর্ণ বস্তুর পুনরায় চর্বণ : রোমছ, রোমছন, চর্বিতচর্বণ। উদ্গীর্ণ বস্তুর পুনরায় চর্বণকারী [ পশু ]: রোমছক, রোমছিক। উদ্দাম নৃত্য : **তাঙ্ব**। উদ্দালক মূনির পুত্র : **খেতকেতু**। উদ্দিষ্ট ব্যক্তির কাছে যে কারো পত্র নিয়ে याग्र : शक्वार, शक्वार्क। উদ্দেশ্যযুক্ত ভাঙা-জ্বোড়ার : ভোড়জোড়।

উদ্দেশ্য-সাধনের জন্যে দৃঢ় সংকল্প : প্রতিজ্ঞা। উদ্দেশ্য-সিদ্ধির জন্যে তোষণের দ্বারা আমোদ-সৃষ্টি: তো**ৰামোদ**। উদ্দেশ্য-সিদ্ধির জন্যে যে গৃঢ় শব্দ বা বাক্য উচ্চারণ করতে হয় : **মন্ত্র**। উদ্দেশ্য-সিদ্ধির জনো : भिष्टिन। উদ্দেশ্যহীন বা উদাস চাহনি : **শূন্যদৃষ্টি**। উদ্দেশ্যহীনভাবে সর্বত্র ঘুরে বেড়ায় যে : ভবঘুরে, বাউঙুলে। উদ্ভিদের নবোদগত পত্র : পত্রব। উদ্ভত আনুষঙ্গিক ঝামেলা : **ফেচাং**। উদভান্ত মন यात : विमना। উনানী চিকিৎসক : **হকিম, হকীম**। উপকরণের সঙ্গে : সোপকরণ। উপকার করবার ইচছা : **উপচিকীর্ধা**। উপকার করতে ইচ্ছুক : **উপচিকীর্ব**। উপকার করে যে : **উপকারী**। উপকার প্রাপ্ত হয়েছে যে: উপকৃত। উপকারীর অপকার করে যে : কৃ**তত্ম**। উপকারীর উপকার : প্রত্যুপকার । উপকারীর উপকার স্বীকার ব্রুর না যে : অকৃতজ্ঞ। উপকারীর উপকার স্বীকার করে যে : कृष्ट्यः বিনিময়ে উপকারের উপকার : প্রত্যুপকার। **১০ক'রের বিনিময়ে যে উপকার করে** 

: প্রত্যুপকারী।

উপচিয়ে পডছে এমন : উপচীয়মান। উপদেশ দ্বারা শিক্ষাদান : তা**লিম**। উপদেশ প্রাপ্ত হয়েছে যে : উপদিষ্ট। উপদ্ৰব নিবারণ : **শান্তিরক্ষা**। উপনয়ন ও বিবাহের পূর্বরাত্রিতে দধি-মিশ্রিত মিষ্টার ভক্ষণ : দ্বিমঙ্গল। উপনয়নকালে গৃহীত ভিক্ষা : ব্ৰ**তভিক্ষা**। উপনয়নে ব্রাহ্মণপত্রকে যে মাতৃস্থানীয়রূপে ব্রতভিক্ষা দেয় : ডিক্সামা। উপনয়নে যে ব্রাহ্মণপুত্র ব্রতভিক্ষা গ্রহণ করে পুত্রস্থানীয় হয় : **ডিক্ষাপুত্র**। উপনয়নের পর যে ব্রাহ্মণসন্তান গুরুগুহে বেদ অধ্যয়ন করে: ব্রহ্মচারী। উপন্যাসের রচয়িতা : **ঔপন্যাসিক**। উপবাসের পর প্রথম ভোজন : **পারণ**। উপবেশন বক্ততা ইত্যাদির জন্যে নির্মিত উচ্চভূমি: **মণ্ড, বেদি, বেদী**। উপভোগের যোগা : **উপভোগা**। উপমা নেই যার : নিরুপম, নিরুপমা 1311 উপযুক্ত পরিমাণ-যুক্ত: **পরিমিত**। উপযুক্ত বয়েস হয়েহে যার : **প্রান্তবয়ক্ত**, थाधवग्रका [वी]। উপযুক্ত সময় : যথাকাল, যথাসময়। উপযুক্ত স্থান : **যথাস্থান**। উপযুক্ত হানে সন্নিবেশ : সংহান, সংস্থাপন, সংস্থিত। উপরতলার ঘর : বালাখানা। উপরের দিকে পা থাকে যার : **উৎপাদ.** 

উক্তাপাদ।

উপরের দিকে বাহু থাকে যার : উর্ম্ববাহু।

উপস্থিত কাল : বর্তমান।

উপস্থিত বৃদ্ধি আছে যার : প্রত্যুৎপদমতি। উপস্থিত বৃদ্ধি প্রয়োগের ক্ষমতা

: প্রত্যুৎপদ্নমতিত্ব।

উপহাস করা হয়েছে যাকে : **উপহাসত**।

উপহাসের সঙ্গে : **সোপহাস**।

উপায়হীন অবস্থা : বেগতিক, নিরুপায়।

উপাসনা ও পূজা : **ভজন-পূজন**।

উভয় তটের মধ্যবর্তী জলম্রোত

: তটিনী।

